পত্রিকা পড়ুন
বিজ্ঞাপন দিন
পাঠক হোন।

যে জাতি নিজের ভাগ্য পরিবর্তনের জন্য চেষ্টা করে না, আল্লাহ সে জাতির ভাগ্য পরিতন করেন না
- আল-কোরআন

দৈনিক
কালের প্রত্যাশা
সত্যকে প্রকাশ...
প্রতিষ্ঠাতা ঃ মোঃ সাইফুল ইসলাম জুয়েল

সবার জন্য শিক্ষা
ক অ ১
আপনার শিশুকে স্কুলে পাঠান

রেজিঃ নং- চ-৬৫৮ ॥ ১৩তম বর্ষ ॥ সংখ্যা-২ ॥ লক্ষ্মীপুর মঙ্গলবার ॥ ১১ মার্চ ২০২৫ খ্রীঃ ॥ ২৬ ফাল্গুন ১৪৩১ বাংলা ॥ ১০ রমজান ১৪৪৬ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য-৫ টাকা।

তারেক রহমান দেশে ফিরলেই কাউন্সিল করবে বিএনপি

স্টাফ রিপোর্টার : দীর্ঘ ৭ বছর পর বিএনপির জাতীয় নির্বাহী কমিটির বর্ধিত সভা এরপর আলোচনা থেকেই দলটির জাতীয় কাউন্সিল। কাউন্সিল নিয়ে দলের নীতিনির্ধারণী পর্যায়ের নেতারা জানান, তারেক রহমান দেশে ফিরলেই কাউন্সিল করবে দল। আর নির্দিষ্ট সময়ে কাউন্সিল না করায় আরপিও লঙ্ঘন প্রসঙ্গে হাসিনা আমলের রাজনৈতিক বাস্তবতা তুলে ধরেন নেতারা। রাষ্ট্র বিজ্ঞানীরা বলছেন, অনিয়মিত কাউন্সিল-দলগুলোর অভ্যন্তরের গণতন্ত্র চর্চাকে প্রশ্নবিদ্ধ করে।
সম্প্রতি জাকজমকপূর্ণ আয়োজনে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির বর্ধিত সভা হয়। যেখানে অংশগ্রহণ করেন কেন্দ্র থেকে তৃণমূলের চার হাজারের বেশি প্রতিনিধি যা রাজনীতিতে এক নজিরবিহীন দৃষ্টান্ত তৈরি করেছে। ব্যবস্থাপনা কমিটি, বাস্তবায়ন কমিটি, অভ্যর্থনা

উপকমিটি, আপ্যায়ন উপকমিটি, শৃঙ্খলা উপকমিটির মত বিভিন্ন কমিটি গঠন করে জাতীয় কাউন্সিলের আদলে করা হয় বর্ধিত সভাটি।
দীর্ঘ সাত বছর পর এমন ঘটা করে দলটির বর্ধিত সভা অনুষ্ঠানের পর আলোচনায় দলের জাতীয় কাউন্সিল। ২০১৬ সালে সবশেষ কাউন্সিল হলেও এবার নতুন রাজনৈতিক প্রেক্ষাপটে জাতীয় কাউন্সিল নিয়ে জানতে চাইলে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মামুন টুকু বলেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশে ফিরলেই কাউন্সিল করবে দল।
বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মামুন টুকু বলেন, 'বর্ধিত সভা করে আমরা সব মতামত নিয়েছি। দেশে সুস্থ অবস্থায় ফেরত আসলে কাউন্সিল হবে। একটা পরিবেশ হয়েছে তাই বর্ধিত সভা করলাম। সারাদেশে তৃণমূলকে ঢেলে সাজানো হচ্ছে।'
দলের গঠনতন্ত্র অনুযায়ী তিন বছর পরপর কাউন্সিল করার নিয়ম রক্ষা না হওয়ার বিষয়ে রাষ্ট্রচিন্তক ফরহাদ মজহার বলেন অনিয়মিত কাউন্সিল দেশের রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরে গণতন্ত্র চর্চাকে প্রশ্নবিদ্ধ করে।
রাষ্ট্রচিন্তক ফরহাদ মজহার বলেন, 'নিজেদের দলের মধ্যে গণতন্ত্র চর্চা করতে তো হবে। গণতন্ত্র চর্চার গুরুত্বপূর্ণ জায়গা হচ্ছে কাউন্সিল নির্বাচন। আর নির্বাচনের মাধ্যমে নেতা তৈরি করা। দলগুলো তা করে না। ফলে তাদেরকে কীসের ভিত্তিতে গণতান্ত্রিক দল বলবেন। তার তো কোনো সুযোগ নেই।'
এদিকে, দলের ভেতরে গণতন্ত্র চর্চা ও নির্দিষ্ট সময়ে কাউন্সিল না করলে আরপিও লঙ্ঘন হবে কি? এ প্রশ্নের

❑ ৩-এর পাতায় দেখুন

আমরা ডিসেম্বরের টাইমলাইন মিস করতে চাই না: সিইসি

স্টাফ রিপোর্টার : আগামী জাতীয় সংসদ নির্বাচন চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই আয়োজনের প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। ডিসেম্বরের টাইমলাইন নির্বাচন কমিশন মিস করতে চায় না বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন। ডিসেম্বরে নির্বাচন হলে অক্টোবর মাসে তফসিল ঘোষণা হতে পারে জানান তিনি।
সোমবার (১০ মার্চ) দুপুরে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সিইসি এই কথা বলেন। এর আগে তিনি বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুকের সঙ্গে বৈঠক করেন।
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে সিইসি বলেন, 'ডিসেম্বরকে মাথায় রেখে আমরা এগোচ্ছি। আমাদের টাইমলাইন ডিসেম্বর, এটা মাথায় রেখে কাজ করছি। ডিসেম্বরে ভোট হলে অক্টোবরে

❑ ৩-এর পাতায় দেখুন

লক্ষ্মীপুরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

স্টাফ রিপোর্টার ঃ দুর্যোগের পূর্বাভাস প্রস্তুতি, বাঁচায় প্রাণ ক্ষয়ক্ষতি এমন প্রতিপাদ্য কে সঙ্গে নিয়ে ১০ মার্চ (সোমবার) **জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস** উপলক্ষে লক্ষ্মীপুরে র‍্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া প্রদর্শনের আয়োজন করা হয়।
রোববার (১০ মার্চ) সকালে কালেক্টর ভবন প্রাঙ্গণ থেকে র‍্যালি শুরু হয়ে গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আলোচনা সভায় মিলিত হয়। আলোচনা সভার পূর্বে জেলা কালেক্টর ভবন প্রাঙ্গণে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া প্রদর্শনের আয়োজন করা হয়।
জেলা জেলা ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক রাজীব কুমার সরকার। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক জেপি দেওয়ান এর সভাপতিতে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত পুলিশ সুপার রেজাউল হক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আবুল হোসেন, বেসরকারী এনজিও জেমসের নির্বাহী পরিচালক আসাদুজ্জামান চৌধুরী প্রমুখ।
এসময় ফায়ার সার্ভিস,

❑ ৩-এর পাতায় দেখুন

কোথাও নারীদের নিরাপত্তা নেই : রুহুল কবির রিজভী

স্টাফ রিপোর্টার : বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ বলেছেন, দেশে ধর্ষণের পরিমাণ বেড়ে গেছে। কোথাও নারীদের নিরাপত্তা নেই। শেখ হাসিনার আমল থেকেই নারীরা নির্যাতিত হয়েছিলেন। এখন তো ছাত্রলীগ-যুবলীগ নেই, তাহলে কারা এই হিংস্রতার সঙ্গে জড়িত। আমরা অন্তর্বর্তীকালীন সরকারের কাছে তা জানতে চাই।
সোমবার (১০ মার্চ) সকাল ১০টায় দেশব্যাপী খুন ও ধর্ষণ বৃদ্ধির প্রতিবাদে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয়তাবাদী মহিলা দলের বিক্ষোভ মিছিল পূর্ব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
প্রশাসন ঠিক থাকলে দেশে এমন বিশৃঙ্খলা হতো না মন্তব্য করে রিজভী বলেন, আইনের প্রয়োগ সঠিকভাবে করলে এমনটি

❑ ৩-এর পাতায় দেখুন

ধর্ষণের বিচার না পেয়ে কিশোরীর আত্মহত্যা, গ্রেফতার-১

রামগতি প্রতিনিধি ঃ রামগতিতে রাকিব হোসেন নামে এক যুবকের বিরুদ্ধে প্রেমিকাকে (১৬) ঘরে একা পেয়ে জোরপূর্বক ধর্ষণের অভিযোগ উঠেছে। ঘটনার পর সালিশি বৈঠক হলেও বিচার না পাওয়ায় মানসিক চাপে কিশোরী আত্মহত্যা করেছে।
এ ঘটনায় ১২ জনের নাম উল্লেখ করে কিশোরীর মা বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। পুলিশ অভিযান চালিয়ে একজনকে গ্রেফতার করে।
শনিবার (৮ মার্চ) বিকেল পরাস্ত বাকি অভিযুক্তদের কাউকেই গ্রেফতার করতে পারেনি পুলিশ।
এর আগে ১ মার্চ কিশোরী ধর্ষণের শিকার হয়। পরদিন ঘটনাটি জানাজানি হলে এলাকায় সালিশি বৈঠকের আয়োজন করে। কিন্তু সেখানে কোনো বিচার পায়নি কিশোরী। উলটো তাকে অপবাদ দেওয়া হয়।
বৃহস্পতিবার (৬ মার্চ) সকালে

❑ ৩-এর পাতায় দেখুন

লক্ষ্মীপুর মসজিদ মার্কেটে দুই তরুণীকে জিম্মি!

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুর (চক-বাজার) মসজিদ মার্কেটে নারী ক্রেতাদের সঙ্গে বেশিরভাগ দোকানী ও কর্মচারীরা অশোভনীয় আচরণ করার অভিযোগ পাওয়া গেছে। প্রতিবাদ করায় কলেজ পড়ুয়া দুই ছাত্রীকে জিম্মি করে রাখে 'লেডিস শপ ও রাহি থ্রি পিছ এন্ড বেবী ফ্যাশন নামে দুই ব্যবসা প্রতিষ্ঠানের মালিক পক্ষ ও কর্মচারীরা।
রোববার (৯ মার্চ) বিকেলে পৌর মসজিদ মার্কেটের নিচ তলা 'লেডিস শপ ও রাহি থ্রি পিছ এন্ড বেবী ফ্যাশনে' জিম্মি করে রাখার ঘটনা ঘটে।
খবর পেয়ে দুই তরুণীর নিকটআত্মীয় এসে তাদের জিম্মি দশা থেকে উদ্ধার করে।
তারা লক্ষ্মীপুর সরকারি কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী ও পৌরসভার পশ্চিম লক্ষ্মীপুর গ্রামের বাসিন্দা।
দুই তরুণী মসজিদ মার্কেটে জিম্মি রাখার খবর পেয়ে সংবাদ সংগ্রহ করতে যান, তরুণ সাংবাদিক

❑ ৩-এর পাতায় দেখুন

সাংবাদিকদের সম্মানে লক্ষ্মীপুরে ছাত্রশিবিরের ইফতার মাহফিল

স্টাফ রিপোর্টার ঃ সাংবাদিকদের সম্মানে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করেছে লক্ষ্মীপুর শহর ছাত্রশিবির। বৃহস্পতিবার (৬ মার্চ) লক্ষ্মীপুর প্রেসক্লাব মিলনায়তনে এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়।
শহর ছাত্রশিবিরের সভাপতি ফরিদ উদ্দিনের সভাপতিত্বে ও সেক্রেটারি আবদুল আউয়াল হামদুর সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা ফারুক হোসাইন নূরনবী।
এ সময় আরও উপস্থিত ছিলেন লক্ষ্মীপুর প্রেসক্লাবের সভাপতি হোসাইন আহমদ হেলাল, সাবেক সভাপতি আ.হ.ম মোশতাকুর রহমান, সিনিয়র সাংবাদিক সেলিম উদ্দিন নিজামী, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি এডভোকেট মহসিন কবির মুরাদ, জামায়াত নেতা আবদুল আউয়াল রাসেল ও প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম পাবেলসহ জেলায় কর্মরত সাংবাদিকরা।

❑ ৩-এর পাতায় দেখুন

পাচার করা টাকা ফেরাতে দ্রুত বিশেষ আইন করা হবে : প্রেস সচিব

স্টাফ রিপোর্টার : প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, পাচার করা টাকা কীভাবে আনা যায় সেটা তুরান্বিত করার জন্য একটা বিশেষ আইন খুব শিগগিরই করা হবে। আগামী সপ্তাহের মধ্যে আপনারা এই আইনটা দেখবেন।
সোমবার (১০ মার্চ) দুপুরে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে এক বিচ্ছিয়ে তিনি এ কথা বলেন।
প্রেস সচিব বলেন, পাচার করা টাকা উদ্ধারের জন্য প্রথম থেকেই অন্তর্বর্তী সরকার তৎপর ছিল। প্রফেসর ইউনূস প্রথম থেকেই বলে আসছেন যে, এটা বাংলাদেশের মানুষের টাকা। আমাদের টপ প্রায়োরিটির ভেতরে এটা থাকবে। অন্তর্বর্তীকালীন সরকারের ফোকাস

❑ ৩-এর পাতায় দেখুন

সড়ক দুর্ঘটনায় জামায়াতের শীর্ষ নেতাসহ আহত-৩

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুরের কমলনগরে সড়ক দুর্ঘটনায় জেলা জামায়াতের আমির ও কেন্দ্রীয় শূরা সদস্য মাস্টার রুহুল আমিনসহ তিনজন গুরুতর আহত হয়েছেন।
শনিবার (০৮ মার্চ) দুপুরে উপজেলার কমলনগর কলেজের সামনে প্রাইভেটকারের চাকায় পিষ্ট হয়ে এবং ট্রাকের ধাক্কায় তারা আহত হন।
সরেজমিনে দেখা গেছে,

❑ ৩-এর পাতায় দেখুন

যশোরে রাষ্ট্রদ্রোহ মামলায় খালাস পেলেন তারেক রহমান

স্টাফ রিপোর্টার : যশোরে রাষ্ট্রদ্রোহের মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। সোমবার (১০ মার্চ) দুপুরে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক শেখ নাজমুল আলম এ আদেশ দেন।
আদালতের পাবলিক প্রসিকিউটর ও জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট সৈয়দ সাবেরুল হক সাবু বিষয়টি নিশ্চিত করে বলেন, যশোর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাফজাল হোসেন ২০১৫ সালের ২২ জানুয়ারি তারেক রহমানের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার মামলা করেন।
মামলায় উল্লেখ করা হয়, তারেক রহমান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে ঘৃণা, বিদ্বেষ, অবজ্ঞা ও কুরুচিপূর্ণ বক্তব্য প্রদান করেন, যা রাষ্ট্রদ্রোহিতার শামিল। এরপর আদালতের নির্দেশে যশোর কোতোয়ালি থানা পুলিশ তদন্ত শেষে ওই বছরের ২১ এপ্রিল তারেক রহমানের বিরুদ্ধে চার্জশিট

❑ ৩-এর পাতায় দেখুন

ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবির পণ্য বিক্রি কার্যক্রমের উদ্বোধন

স্টাফ রিপোর্টার ঃ রমজান উপলক্ষে নিত্যপণ্যের বাজারে ক্রেতাদের স্বস্তি দিতে লক্ষ্মীপুরে শুরু হয়েছে সরকারি সংস্থা ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশে (টিসিবি) মাধ্যমে ভ্রাম্যমাণ ট্রাকে পণ্য বিক্রি কার্যক্রম। এই কার্যক্রমের আওতায় যেকোনো ব্যক্তি ট্রাক থেকে পণ্য ক্রয় করতে পারবেন।
বুধবার সকাল ১১টার দিকে শহরের গোডাউন রোডে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক রাজীব কুমার সরকার।
এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জেপি দেওয়ান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জামশেদ আলম রানা, সহকারি কমিশন (ভূমি) অভি দাস।
জানা যায়, লক্ষ্মীপুরের পাঁচটি স্থানে ভ্রাম্যমান ট্রাকের মাধ্যমে মাসব্যাপী টিসিবির পণ্য বিক্রি কার্যক্রম পরিচালনা করা হবে। পণ্যের মধ্যে রয়েছে ১কেজি, ছোলা, ১কেজি চিনি, ২কেজি মসুর ডাল ও সয়াবিন তেল ২লিটার। প্রতি প্যাকেজের

❑ ৩-এর পাতায় দেখুন

দৈনিক
কালের প্রত্যাশা
সত্যকে প্রকাশ...
প্রতিষ্ঠাতা ঃ মোঃ সাইফুল ইসলাম জুয়েল
মঙ্গলবার ঃ ১১ মার্চ ২০২৫ ঃ ২৬ ফাল্গুন ১৪৩১

ভোটের 'টার্গেট' নিয়ে দল গোছাবে এনসিপি

স্টাফ রিপোর্টার ঃ ৫ আগস্টের গণঅভ্যুত্থানের পর দেশের রাজনীতিতে এসেছে ব্যাপক পরিবর্তন। তরুণ নেতৃত্ব এখন দ্যুতি ছড়াচ্ছে সর্বত্র। আলোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছে নতুন রাজনৈতিক দল- জাতীয় নাগরিক পার্টি, সংক্ষেপে এনসিপি। তবে প্রশ্ন উঠেছে, নতুন দল আসন্ন নির্বাচনের আগে দল গোছাবে নাকি নির্বাচনের মাঠ প্রস্তুত করবে, দলকে শক্তিশালী করবে নাকি প্রার্থী ও ভোটার খুঁজবে। দেশের অন্যান্য রাজনৈতিক



দলের মতোই রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করবে নাকি রাজনীতিতে নতুনত্ব আনবে। এসব প্রশ্নের মধ্যে 'ভোটের টার্গেট নিয়ে মাঠ গোছাবে এনসিপি' দলটির একাধিক সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

সূত্র মতে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে তৃণমূল পর্যায়ে দলকে শক্তিশালী করা এবং নির্বাচনের জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণ করবে দলটি। প্রার্থী মনোনয়নের বিষয়ে তরুণদের পাশাপাশি

☐ ৩-এর পাতায় দেখুন

এমপির বাড়ি দখল করা সেই নারী সমন্বয়ক গ্রেফতার

স্টাফ রিপোর্টার ঃ টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য জোয়াহেরুল ইসলামের বাসা ভাঙচুর, লুটপাট, দখল ও ১০ কোটি টাকা চাঁদা দাবির মামলায় সমন্বয়ক পরিচয় দানকারী মারইয়াম মুকাদ্দাস মিষ্টিকে গ্রেফতার করছে পুলিশ। রবিবার (৯ মার্চ) রাতে শহরের পশ্চিম আকুর-টাকুরপাড়া (হাউজিং) এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতার মিষ্টি জেলার বাসাইল উপজেলার ফুলপুর ইউনিয়নের জনিহাটী গ্রামের মজাহারুল ইসলামের মেয়ে। তিনি টাঙ্গাইল শহরের আকুর টাকুর পাড়ায় ভাড়া

☐ ৩-এর পাতায় দেখুন

লুটের টাকায় নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করছে আওয়ামী লীগের দোসররা : এ্যানি

স্টাফ রিপোর্টার ঃ বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, বিগত ১৫-১৬ বছর ফ্যাসিস্ট আওয়ামী লীগ মানুষকে জিম্মি করেছেন, গুম-খুন করেছে, লুটপাট করেছে এবং এ লুটপাটের টাকা তারা দেশের বাহিরে পাচার করেছে। হাসিনা পালিয়ে গিয়েছে, কিন্তু হাসিনার দোসররা সবাই পালিয়ে যায়নি। না পালানোর কারনে ঐ লুটের টাকা এবং যারা এখনো গ্রেপ্তার হয়নি তারা এদেশের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত। যে এদেশে যেন একটি স্বাভাবিক প্রক্রিয়া না থাকে এবং সঠিক সময় যেন নির্বাচন না হতে পারে এজন্য তারা ষড়যন্ত্র করছে। সেজন্য আমাদের খুব বেশি সজাগ এবং সতর্ক থাকতে হবে।

মঙ্গলবার (৪মার্চ) বিকেলে লক্ষ্মীপুর সরকারি কলেজ মাঠে মরহুম আরাফাত রহমান কোকো স্মৃতি টি-টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কলেজ রোড ক্রীড়া সংঘের আয়োজনে টুর্নামেন্টটিতে প্রায় ৩০ দল

☐ ৩-এর পাতায় দেখুন

চর রমনী মোহন ইউপিতে অবৈধভাবে মেঘনা থেকে বালু উত্তোলন

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুর সদর উপজেলার চর রমনী মোহন ইউনিয়নের ৪নং ওয়ার্ড ডালী বাড়ীর দক্ষিণ পাশ্বে মেঘনা নদীতে অবৈধভাবে বড় ড্রেজার মেশিন বসিয়ে বালু উত্তোলন করছে একই ওয়ার্ডের সৈয়াল বাড়ীর খোরশেদ সৈয়াল। এছাড়াও তার সাথে ২০নং চর রমনী মোহন ইউনিয়নের যুবদলের সাধারণ সম্পাদক আল-আমিন সৈয়ালেরও সম্পৃক্ততা রয়েছে বলে জানা যায়।

গত ৫ই আগষ্ট বৈশম্য বিরোধী ছাত্র আন্দোলনে সরকার পতনের পর থেকে মেঘনা নদীতে তারা অবৈধভাবে ড্রেজার মেশিন বসিয়ে বালু উত্তোলন করে বিক্রি করছে। নাম প্রকাশ না করা শর্তে অনেকে জানান, খোরশেদ ও আল-আমিন সৈয়াল সরকার পতনের পর থেকে মেঘনা নদীতে অবৈধভাবে ড্রেজার মেশিন বসিয়ে এ পর্যন্ত কয়েক লাখ টাকার বালু বিক্রি করেছেন। নদী থেকে প্রায়ই ২ থেকে ৩ কিলোমিটার এলাকায় পাইপের মাধ্যমে বালু বিক্রি করা হয়। এলাকাবাসী জানান, যে ভাবে বালু উত্তোলন করা হচ্ছে। যে কোন সময় এলাকা ভেঙে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

এলাকাবাসী প্রশাসনের নিকট

☐ ৩-এর পাতায় দেখুন

লক্ষ্মীপুরে চাচাকে মারধর করে চাঁদা দাবির অভিযোগ ভাতিজার বিরুদ্ধে

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুরের রামগঞ্জে আপন চাচা আব্দুল মতিন ভূঁইয়াকে বেধম মারধর করে ২৫ লক্ষ টাকা চাঁদা দাবীর অভিযোগ ভাতিজা সাবেক চেয়ারম্যান কামাল হোসেন ভূঁইয়ার বিরুদ্ধে। অভিযুক্ত কামাল হোসেন ভূঁইয়া চন্ডিপুর ইউনিয়নের দক্ষিণ চন্ডিপুর গ্রামের আব্বাস আলী ভূঁইয়া বাড়ির মৃত আব্দুর রশীদ ভূইয়ার ছেলে। তিনি চন্ডিপুর ইউনিয়ন পরিষদের

☐ ৩-এর পাতায় দেখুন

সর্বনাশা অবৈধ ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার

স্টাফ রিপোর্টার ঃ দেশের সর্ববৃহৎ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আসা রোগীদের টার্গেট করে পাশেই ঘরে উঠেছে নামে বেনামে অসংখ্য ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক। এসব ডায়াগনস্টিক সেন্টারগুলোতে রোগীদের জিম্মি করে চলছে রমরমা টেস্ট বাণিজ্য। অভিযোগ রয়েছে ঢাকা মেডিকেলে আসা রোগীদের প্রলোভন দেখিয়ে এসব প্রতিষ্ঠানে নিয়ে যাওয়া হয়। এতে মোটা অঙ্কের কমিশন পান দালালরা। শুধু ঢাকা মেডিকেল কেন্দ্রিকই নয়, রাজধানীর বড় সব সরকারি হাসপাতাল ঘিরেই এমন ভুইফোঁড় ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে। সরকারি হাসপাতাল থেকে রোগী ভাগিয়ে এনে এসব প্রতিষ্ঠানে ফাঁদে ফেলা হয়। এতে সর্বস্বান্ত হচ্ছেন সাধারণ রোগী ও তাদের স্বজনরা। এমনকি ভুল রিপোর্ট, ভুয়া চিকিৎসায় সর্বনাশ হচ্ছে অনেক রোগীর। এসব প্রতিষ্ঠানের দেখভালের দায়িত্বে থাকা স্বাস্থ্য অধিদপ্তর তেমন কোনো ভূমিকাই রাখতে পারছে না।

বিশেষজ্ঞরা বলছেন, এ ধরনের কার্যক্রমে ঝুঁকির মুখে পড়ছে স্বাস্থ্যসেবা। চিকিৎসা নিতে আসা রোগীর স্বজনরা বলছেন, সরকারি হাসপাতালে চিকিৎসকরা পরীক্ষা-নিরীক্ষার পরামর্শ দিলে সেই প্রেসক্রিপশন নিয়ে হাসপাতালে থাকা ডায়াগনস্টিক সেন্টারের লোকজন রোগীর স্বজনদের নানভাবে প্রলোভন দেখাতে থাকেন। তাই অনেকটা বাধ্য হয়েই এইসব মানহীন ডায়াগনস্টিক সেন্টারে পরীক্ষা করান। সরজমিন

☐ ৩-এর পাতায় দেখুন

লক্ষ্মীপুর সড়কে অবৈধ ট্রাক্টর চলাচল, ১৩ জনকে জরিমানা

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুর সদর উপজেলাধীন তেওয়ারীগঞ্জ ইউনিয়নের নতুন তেওয়ারীগঞ্জ বাজার টু আধারমানিক সড়কে চলাচলকারী ও ফসলি জমি বিনষ্টকারী ১৩ ট্রাক্টর চালক ও মালিকের জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শনিবার (৮ মার্চ) বিকেলে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জামশেদ আলম রানা এ অভিযান চালান।

অভিযানে তেওয়ারীগঞ্জ বাজারের ৯টি ট্রাক্টর চালক ও মালিকের ১০ হাজার করে ৯০ হাজার, ২ জনের ৫ হাজার করে ১০ হাজার এবং ভবানীগঞ্জ চৌরাস্তা এলাকায় এক ট্রাক্টর চালকের ১০ হাজার ও

অন্যজনের ৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

রাতে বিষয়টি নিশ্চিত করেছে উপজেলা প্রশাসন।

দণ্ডপ্রাপ্তরা হলেন, সদর উপজেলার তেওয়ারীগঞ্জ ইউনিয়নের ট্রাক্টর চালক রিয়াদ, সহিদ, ফয়সাল, বিপ্লব, শামীম, মো. রাসেল, মো. সুজন, তারেক, রাকিব হোসেন,

☐ ৩-এর পাতায় দেখুন

ময়মনসিংহে ট্রাক-সিএনজি সংঘর্ষে নিহত ৩

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহের ফুলপুরে ট্রাক ও সিএনজির মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

সোমবার (৯ মার্চ) সকাল সাড়ে ৯টার দিকে ফুলপুর শেরপুর সড়কের বাইচকান্দির চড়ভা বাড়ি নামে স্থানে এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন ফুলপুরের হাতপাগলা গ্রামের হাবিব মিয়ার ছেলে মো. হাসান (১৬), শেরপুরের নকলা উপজেলার ছাতুরগ্রাম গ্রামের বিয়াজ উদ্দিনের ছেলে মো. আশিক মিয়া (২০) ও নরসিংদীর

☐ ৩-এর পাতায় দেখুন

লক্ষ্মীপুরে জোরপূর্বক বসতি সম্পত্তি দখলের অভিযোগ

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুর সদর উপজেলা ২নং দক্ষিণ হামছাদী ইউনিয়নের রামকৃষ্ণপুর গ্রামের পাঠান বাড়ীর মৃত আবদুল মন্নান এর সম্পত্তি একই বাড়ীর সিরাজ উল্যার পুত্র সুমন পাঠান ও মৃত মোহাম্মদ উল্যার পুত্র মোঃ রুবেল এর বিরুদ্ধে বসতি সম্পত্তি দখল করার অভিযোগ উঠেছে।

শনিবার সকাল ৮ ঘটিকার সময় সুমন ও রুবেল তাদের পরিবারের লোকজনসহ ২০/২৫জন নিয়ে এসে মৃত আব্দুল মন্নান এর স্বপত্তি দখল করে বাঁশ দিয়ে বেড়া দেওয়ার সময়

মৃত আব্দুল মন্নান এর পুত্র বধূ মমতাজ বেগম বাধা দেয় এসময় সুমন ও রুবেল নেতৃত্বে

☐ ৩-এর পাতায় দেখুন

'খুবই অস্বাস্থ্যকর' বাতাসে বিশ্ব র‍্যাঙ্কিংয়ের শীর্ষে ঢাকা

স্টাফ রিপোর্টার ঃ জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবীর বিভিন্ন শহরে দিন দিন বাড়ছে বায়ুদূষণ। দীর্ঘদিন ধরে বায়ুদূষণের কবলে রাজধানী ঢাকা। সোমবার (১০ মার্চ) সকালেও শহরটির বাতাস 'খুবই অস্বাস্থ্যকর' অবস্থায় রয়েছে বলে জানিয়েছে আন্তর্জাতিক বায়ুমান প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউএয়ার।

সংস্থাটির তথ্যানুযায়ী, বিশ্বের ১২৬টি শহরের মধ্যে এদিন সকাল সাড়ে ৭টায় ২৩৭ স্কোর নিয়ে বিশ্বের দূষিত শহরের তালিকার প্রথম স্থানে রয়েছে ঢাকা।

২২৩ স্কোর নিয়ে তালিকার দ্বিতীয়

☐ ৩-এর পাতায় দেখুন

নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে লক্ষ্মীপুরে যুবদলের আনন্দ মিছিল

স্টাফ রিপোর্টার ঃ লক্ষ্মীপুরে যুবদলের নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে আনন্দ মিছিল করেছে নেতাকর্মীরা। সোমবার (৩মার্চ) বিকেলে সদর উপজেলা (পশ্চিম) যুবদলের উদ্যোগে এ মিছিল অনুষ্ঠিত হয়।

মিছিলটি খোয়াসাগর দিঘির পাড় থেকে শুরু হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে দালাল বাজারে দলীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সংক্ষিপ্ত সমাবেশ বক্তব্য রাখেন সদর উপজেলা (পশ্চিম) যুবদলের নবগঠিত কমিটির আহবায়ক আবদুর মালেক (মেম্বার), যুগ্ম আহবায়ক মো. আবদুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন কমিটির সদস্য বেলাল হোসেন গাজী, মীর ইয়ার আলী, তাজ উদ্দিন কিরন, মাহফুজ পাটোয়ারী, আরিফ খান জয়, শিপন পাটোয়ারী, আল আমিন পাটোয়ারী, ইকবাল হোসেন, আবদুল হান্নান প্রমুখ।

দীর্ঘদিন পর সদর উপজেলা (পশ্চিম) যুবদলের কমিটি দেওয়ায় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা সাবেক সংসদ সদস্য আবুল খায়ের ভূঁইয়া, কেন্দ্রীয় যুবদলের সভাপতি-সাধারণ সম্পাদকসহ জেলা কমিটির নেতৃবৃন্দকে অভিনন্দন জানিয়ে সমাবেশে বক্তারা বলেন,

☐ ৩-এর পাতায় দেখুন

অর্থপাচার ঠেকাতে নতুন বিভাগ খুলছে বাংলাদেশ ব্যাংক

স্টাফ রিপোর্টার ঃ দেশের আর্থিক সন্ত্রাসের প্রধান মাধ্যম অর্থপাচার। আওয়ামী লীগের গত ১৫ বছরের শাসনামলে প্রতিবছর বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে। রাজনৈতিক পট পরিবর্তনের পর এটি বন্ধে কাজ করছে অন্তর্বর্তী সরকার। এরই ধারাবাহিকতায় ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে অর্থপাচার ঠেকাতে নতুন করে একটি বিভাগ খোলার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। প্রাথমিকভাবে ২২ জন কর্মকর্তাকে নিয়ে এই বিভাগের কার্যক্রম শুরু করা হবে বলে কেন্দ্রীয় ব্যাংকের নির্ভরযোগ্য একটি সূত্র জানিয়েছে।

সূত্র বলছে, দেশের আর্থিক খাতে স্বচ্ছতা ও নিরাপত্তা নিশ্চিত করতে নতুন এই বিভাগ গঠন করছে বাংলাদেশ ব্যাংক। বিভাগটি বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রণাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের তদারকি, তাদের অর্থ পাচার নিয়ন্ত্রণ, অনিয়মের জরিমানা ও আর্থিক খাতে নতুন প্রতিষ্ঠান আসার বিষয়ে নীতি প্রস্তুতের পাশাপাশি আগের প্রতিষ্ঠানগুলোর লাইসেন্স স্থগিত বা বাতিলের সুপারিশ করতে পারবে। এছাড়াও অনিয়মের প্রমাণ

☐ ৩-এর পাতায় দেখুন

প্রতিষ্ঠাতা ও ভারপ্রাপ্ত সম্পাদক ঃ মোঃ সাইফুল ইসলাম জুয়েল, সম্পাদক ও প্রকাশক ঃ সেলিনা আক্তার লুভনা, নির্বাহী সম্পাদক ঃ সাজ্জাদুর রহমান ফরহাদ, প্রকাশক কর্তৃক ফ্রেন্ডস অফসেট প্রেস, চক বাজার লক্ষ্মীপুর থেকে মুদ্রিত ও শুভ-শান্ত প্লাজা, এবাদ উল্যাহ সড়ক, শিল্পী কলোনী, লক্ষ্মীপুর থেকে প্রকাশিত। ফোন ঃ ০৩৮১-৫৫৭৬২, মোবাইল ঃ ০১৭৬১-৭৩৫৫২৬, E-mail: kalerprotasha@gmail.com

তারেক রহমান দেশে

জানাবে বিএনপির এ নীতিনির্ধারক জানান, বিগত সময়ে হাসিনা আমলের রাজনৈতিক বাস্তবতা অনুকূলে না থাকায় কাউন্সিল করা সম্ভব হয়নি।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, 'আমরা তো একটা বাংলাদেশের গণতান্ত্রিক দল। প্রশাসন থেকে শুরু করে বহুদলীয় গণতন্ত্র আমরা এনেছি। সংসদীয় গণতন্ত্র বিএনপি এনেছে।'

তবে এ রাজনৈতিক বিশ্লেষক বলছেন, নির্বাচন কমিশন পূর্বের রাজনৈতিক অচলাবস্থা বিবেচনায় নিলে এর কোনো ভিত্তি থাকবে না। রাজনৈতিক বিশ্লেষক ড. মাহবুব উল্লাহ বলেন, 'জাতীয় কাউন্সিল অধিবেশন যেখানে সারাদেশ থেকে প্রতিনিধিরা এসে যোগ দিবে সেই রকম করার মতো সৃষ্টি পরিবেশ ছিল না। পথে পথে যার এই অধিবেশনে আসবেন তাদের হয়রানি করা হবে, গ্রেপ্তার করা হবে সেই ভিতি সবার ছিল। কাজেই তারা সেটা করতে পারেনি।'

সারাদেশে ৮২টি সাংগঠনিক জেলা কমিটি রয়েছে বিএনপির। অধিকাংশের আংশিক ও পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হলেও নির্বাচনকে সামনে রেখে তৃণমূলকে শক্তিশালী ও নেতৃত্বের পরিবর্তন আনতে নতুন করে কমিটিগুলোকে ঠেলে সাজানো হচ্ছে।

আমরা ডিসেম্বরের টাইমলাইন

শিডিউল (তফসিল) ঘোষণা করতে হবে। টাইমলাইন যাতে মিস না করি সেইভাবে প্রস্তুতি নিয়ে যাচ্ছি।'

জাতীয় নির্বাচন ট্রেনে উঠেছে কি-এমন প্রশ্নে সিইসি বলেন, 'প্রধান উপদেষ্টা যেদিন ঘোষণা দিয়েছেন, সেদিন থেকে আমরা জাতীয় নির্বাচন প্রস্তুতি নিয়ে কাজ করছি। জাতীয় নির্বাচনের ঘোষণা কিন্তু প্রধান উপদেষ্টা দেবেন।'

ট্রিটিশ হাইকমিশনারের সঙ্গে আলোচনা প্রসঙ্গে সিইসি বলেন, 'ব্রিটিশ হাইকমিশনারের সাথে আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি নিয়ে কথা হয়েছে। আমরা আমাদের প্রস্তুতির কথা জানিয়েছি। আমরা তাদের কাছে সহায়তা চেয়েছি। প্রার্থীর এজেন্ট ও পর্যবেক্ষকদের প্রশিক্ষণ দিতে সহায়তা চেয়েছি। তারা আমাদের হেল্প করতে চান। কী ধরনের সহযোগিতা লাগবে তারা তা জানতে চেয়েছেন।'

সিইসি বলেন, 'উনারা জানতে এসেছিল পার্লামেন্ট নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে, আমরা কোন পর্যায়ে আছি, কী ধরনের প্রস্তুতি চলছে। বাংলাদেশের ভেনোজেটিক ট্রানজিশনের বিষয়ে মুক্তভাবে আলোচনে সহায়তা করতে চায়। বিদেশি পর্যবেক্ষক আসতে তারা জানতে চেয়েছেন, আমরা সবকিছু জানিয়েছি। আমরা যা কিছু করছি জানিয়েছি। ভোটার নিবন্ধন ও পার্টির নিবন্ধন বিষয়ে আমরা জানিয়েছি। বিদেশি পর্যবেক্ষক নিয়োগের কাজ সময়মতো করবো।'

এ সময় সিইসি জানান, ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে স্থানীয় সরকার নির্বাচন নিয়ে কোনো কথা হয়নি।

লক্ষ্মীপুরে জাতীয় দুর্যোগ

রেড ক্রিসেন্ট, স্কাউট, সিপিপি, জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী ও পেশার লোকজন উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের সম্মানে

সুন্দর সমাজ বিনির্মাণে সাংবাদিকদের ভূমিকা অনস্বীকারয়। অতীতেও সাংবাদিকরা দেশ গঠনে অগ্রণী ভূমিকা রেখেছেন। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করে বক্তারা বলেন, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কর্মীরা কোনো চাঁদাবাজির সাথে জড়িত নেই। অতীতে সংগঠনের বিরুদ্ধে আনা সব অভিযোগ মিথ্যা। শুধুমাত্র ছাত্রদের মানোন্নয়নেই কাজ করে শিবির।

পরে ইফতারের আগে দেশ ও জাতীর কল্যাণে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

যশোরে রাষ্ট্রদ্রোহ

দেয়।

অ্যাডভোকেট সৈয়দ সাবরেজ হক সাবু বলেন, দীর্ঘ ৯ বছর ধরে চলমান এ মামলায় সাক্ষ্যপ্রমাণে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তারেক রহমানকে আজ বেকসুর খালাস দেন বিগ্রবক।

ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবির

মূল্য ৪৫০ টাকা। শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত আগামী ২৮ মার্চ পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে। জেলা সদরের এই ট্রাকসেল কার্যক্রমের আওতায় যেকোনো ব্যক্তি পণ্য ক্রয় করতে পারবেন। প্রতি ট্রাকে ৪০০ জনের পণ্য থাকবে। এই ট্রকসেল কার্যক্রমের পাশাপাশি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে টিসিবি কার্ডধারীদের নিকট পণ্য বিক্রয় কার্যক্রম অব্যাহত থাকবে।

জেলা প্রশাসক রাজীব কুমার সরকার বলেন, 'স্মার্ট কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মধ্যে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রির কার্যক্রম চলছে। এর পাশাপাশি কার্ড নেই, এমন সাধারণ ভোক্তাদের কাছে ট্রাকের মাধ্যমে ভর্তুকি মূল্যে পণ্য বিক্রি করা হবে।

পবিত্র রমজান উপলক্ষে দ্রব্য মূল্য ক্রেতা সাধারণের ক্রয়সীমায় মধ্যে রাখাতে ৫টি স্থানে ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবির পণ্য বিক্রি কার্যক্রম চলবে। এছাড়া নিয়মিত আমাদের বাজার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে।

লক্ষ্মীপুর মসজিদ

সোলায়মান হোসন নিশান। ওইসময় দোকানী মামুনুর অর-রশিদ ও অপর দোকানদারের ইয়াছিন আরাফাত সাংবাদিক নিশানকে নাজেহাল করেন। এবং সাফ বলে দিয়েছেন, মসজিদ মার্কেটে পুলিশ-সাংবাদিক প্রবেশ করতে হলে তাদের অনুমতি নিতে হবে।

দুই কলেজ শিক্ষার্থী জানান, লেডিস সফ থেকে জামাকাপড় দেখতে যান। জামাকাপড় পছন্দ না হওয়ায় তারা দোকান থেকে বের হতে চাইলে দোকানী ও কর্মচারীরা তাদের জোরপূর্বক দোকানের ভেতরে আটকিয়ে রাখে এবং জামা কিনতে বাধ্য করে। একপর্যায়ে দোকানী ও নারী ক্রেতাদের সঙ্গে তর্কবিতর্ক হয়। এক তরুণী তার নিকটতম আত্মীয় বড়-ভাইকে মুঠোফোনে বিষয়টি জানান। এরই মার্কেটটির তৃতীয় তলা থেকে ওই-ভাই এসে দুই তরুণীকে উদ্ধার করে।

মসজিদ মার্কেটে সংবাদ সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক নিশান হেনস্তার শিকার এ তথ্য পেয়ে রাত ৮টার দিকে যমুনা টেলিভিশনের লক্ষ্মীপুর প্রতিনিধি আদিস কবিরসহ একঝাঁক সংবাদকর্মী মসজিদ মার্কেটে বিষয়টি জানার জন্য গেলে, ফের দোকানী ও কর্মচারীরা অশোভনীয় আচরণ করে।

এডিসি লেডিস শপকে স্বত্বাধিকারী ইয়াছিন আরাফাত ফোন জারি জানান, দুই তরুণীকে জিম্মি করে রাখা হয়নি। এডিসি জামার দাম নির্ধারণ করে তারা নিবে না বলে,তখন তাদের সঙ্গে তর্কবিতর্ক হয়েছে। এ-র বেশি কিছু হয়নি।

এদিকে রাহি প্রিন্ট এন্ড বেনী ফ্যাশনের স্বত্বাধিকারী মামুনুর অর-রশিদ দুঃখ প্রকাশ করে বলেন, সাংবাদিক নিশানকে আমরা চিনতে পারেনি। সামান্য ভুল বুঝাবুঝি হয়েছে।

অতিরিক্ত পুলিশ সুপার হাসান মোস্তফা স্বপন জানান, বিষয়টি আমাদের জানা নেই। বিস্তারিত জেনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। এরাতে পুলিশের এ কর্মকর্তা জানান, খুব শীঘ্রই বাজার শৃঙ্খলা ফেরাতে বণিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে পুলিশের মতবিনিময় সভা হওয়ার কথা রয়েছে।

সড়ক দুর্ঘটনায় জামায়াতের

ট্রাকের ধাক্কায় প্রাইভেটকার দুমড়ে-মুচড়ে যায় এবং আহতদের চিকিৎসার জন্য কমলনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়।

উপজেলা জামায়াতের সেক্রেটারি মো. আকরাম হোসাইন বলেন, জেলা জামায়াতের আমির মাস্টার রুহুল আমিন রামগতিতে সাংগঠনিক প্রোগ্রামে যাওয়ার পথে প্রাইভেটকারের চাকা ব্লাস্ট হয়ে চলতি ট্রাকের সঙ্গে ধাক্কা লেগে পড়ে যান। তখন প্রাইভেটকারে থাকা তিনজনই গুরুতরভাবে আহত হন।

জেলা আমিরের হাত-পা ভেঙ্গে গেছে। তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। এদিকে জেলা জামায়াতের নায়েবে আমির জহিরুল ইসলাম ও মাওলানা জাকির হোসেন সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এ দুর্ঘটনায় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ তৌহিদুল ইসলাম বলেন, প্রাইভেটকারের চাকা ব্লাস্ট হয়ে জেলা জামায়াতের আমির মাস্টার রুহুল আমিনসহ তিনজন গুরুতর আহত হয়েছেন এবং ট্রাক আটক করে হেফাজতে রাখা হয়েছে।

পাচার করা টাকা ফেরাতে

ছিল, পাচার করা টাকা কীভাবে আনা যায়। সেজন্য গত সেপ্টেম্বর মাসে ১১ সদস্যের একটি টাস্কফোর্স গঠন করা হয়। তার নেতৃত্ব দিচ্ছেন সেন্ট্রাল ব্যাংকের গভর্নর।

শফিকুল আলম বলেন, টাকাটা ফেরত আনার প্রচেষ্টা কতদূর এগোল, সেটার ওপর আজ একটা বড় মিটিং হয়। মিটিংয়ের নেতৃত্ব দিয়েছেন স্বয়ং প্রধান উপদেষ্টা। সেই মিটিংয়ে অনেকগুলো সিদ্ধান্ত হয়েছে।

তিনি বলেন, প্রচুর ন ফার্মের সঙ্গে সরকার ও টাস্কফোর্স কথা বলছে। ন ফার্মের সঙ্গে অ্যাগ্রিমেন্ট করতে এ আইনটা সাহায্য করবে। ২০০টা ন ফার্মের সঙ্গে আমরা অলরেডি কথা বলেছি। তবে এখনো সিলেকশন হয়নি। একটা আইনি প্রক্রিয়ার মাধ্যমে সিলেকশন হবে। ৩০টার মতো ন ফার্মের সঙ্গে অ্যাগ্রিমেন্টে যাব। সেটা নিয়েও কথাবার্তা হচ্ছে। বৈঠকে প্রধান উপদেষ্টা বলেছেন, এগুলো বাংলাদেশের টাকা, যত দ্রুত সম্ভব টাকা ফেরত আনা যায়। এটার বিষয়ে প্রতি মাসে হাই পাওয়ার মিটিং হবে। ঈদের পর আরেকটা মিটিং দিনে ডেকেছেন। এখন থেকে এ বিষয়ে প্রতি মাসে মিটিং করা হবে, বলেন প্রেস সচিব।

শফিকুল আলম বলেন, যে পরিমাণ টাকা বিদেশে পাচার হয়েছে। সেটা কতটুকু হয়েছে? আমরা যতটুকু জেনেছি, এটা আরও ডিটেইলসে জানার জন্য প্রধান উপদেষ্টা বলেছেন।

বঠকে এনবিআর চেয়ারম্যানের জানিয়েছেন, অনেক ছেলে-মেয়ে বিদেশে পড়তে যায়। একটা কেসে দেখা গেছে, ছেলের টিউশন ফি হিসেবে ৪০০-৫০০ কোটি টাকা পাঠানো হয়েছে। মানি লন্ডারিংটা জীভাবে হয়েছে দেখেন।

দিপ্রিয়ো উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার, অখুর্শ জাহাঙ্গীর, সহকারী প্রেস সচিব সুচিস্মিতা তিথি উপস্থিত ছিলেন।

ধর্ষণের বিচার না

কিশোরীকে বাড়িতে ডেকে নিয়ে তা বাড়ির পাশের জমিতে ফসল দেখতে যায়। তখন মো. হেলাল নামে একজন বাড়িতে ঢুকে কিশোরীসহ তার মাকে ঘুল কেটে এলাকায় ঘোরানোর হুমকি দেয়। এতে মানসিক চাপে দুপুরে সে আত্মহত্যা করে। পরে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে।

এদিকে শুক্রবার (৭ মার্চ) ভুক্তভোগীর মা বাদী হয়ে রামগতি থানায় নারী ও শিশু নিরাত্তন দমন আইনে রাকিবসহ ১২ জনের নাম উল্লেখ করে মামলা দায়ের করেন। এতে হেলালকে গ্রেফতার করে লক্ষ্মীপুর আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠায় পুলিশ।

কোথাও নারীদের নিরাপত্তা

হতো না।

তিনি বলেন, আমরা সরকারের কাছে বলতে চাই, দ্রুততম সময়ে ধর্ষণকারীদের বিচার করতে হবে, যেন অন্য অপরাধীদের ভয়ভেদন হয়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তাকেব রহমান সব সময় মাথাপ্রার ধর্ষিতা শিশুটির বিষয়ে খোঁজ-খবর রাখছেন।

রিজভী আরও বলেন, দেশের বিভিন্ন জেলায় ডিসি-এসপিদের কক্ষে গিয়ে তাদের কাজ তদারকি করছেন বৈষম্যবিরোধী শিক্ষার্থীরা। অথচ তাদের থাকার কথা ক্লাস ও লাইব্রেরিতে। বিগত দিনে ফ্যাসিস্ট পতনের আন্দোলনে তাদেরও অনেক অবদান রয়েছে। তাই তাদের উচিত ক্যাম্পাসে ফিরে গিয়ে সব ধরনের অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানানো।

জাতীয়তাবাদী মহিলা দলের বিভোড মিছিল জাতীয়তাবাদী মহিলা দলের বিভোড মিছিল

মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাস বলেন, শেখ হাসিনার সময়ে ধর্ষণকারীদের পুরস্কৃত করা হতো। আর বিএনপির সময়ে ধর্ষণের ঘটনায় উপযুক্ত বিচার হয়েছে। সাম্প্রতিক সময়ে বিচারহীনতার সংস্কৃতির কারণে নারী ও শিশু ধর্ষণের হার দিন দিন বাড়ছে। মাত্তর ৮ বছরের শিশু ধর্ষণকারীদের জনসম্মুখে বিচার করতে হবে।

ধর্ষিতা শিশুটির বোনের শাওড়িরও ফাঁসি দাবি করে মহিলা দলের সভানেত্রী বলেন, ১৮০ দিনে নয়, এক সপ্তাহের মধ্যেই ধর্ষণ মামলার আসামিদের বিচার নিশ্চিত করতে হবে।

জাতীয়তাবাদী মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাসের সভাপতিত্বে ও ঢাকা মহানগর দক্ষিণের সাধারণ সম্পাদক শাহিদুর নাসিরের পরিচালনায় প্রতিবাদ ও আরও বক্তব্য রাখেন জাতীয়তাবাদী মহিলা দলের সহ-সভাপতি নেওয়াজ হালিমা আর্নি, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শান্তি আক্তার, ঢাকা মহানগর দক্ষিণের সভানেত্রী রুমা আক্তার, ঢাকা মহানগর উত্তরের সহসাংগঠনিক অ্যাডভোকেট রুনা লায়লা প্রমুখ।

মিছিলে ধর্ষক ও দিগীভূনকারীদের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান সম্বলিত ব্যানার-ফেস্টুন নিয়ে বিপুল সংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন।

ভোটের 'টার্গেট' নিয়ে

বিভিন্ন শ্রেণি, পেশা ও সব স্তরের যোগ্য প্রার্থীকে সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনা করা হচ্ছে। এ ছাড়া জাতীয় নির্বাচনের জন্য প্রার্থী বাছাই এবং দলের সাংগঠনিক কাঠামো শক্তিশালী করার লক্ষ্যে দ্রুত সময়ের মধ্যে একটি উপদেষ্টা পরিষদ গঠনের বিষয়েও ভাবছে দলটির শীর্ষ নেতারা।

নির্বাচন প্রসঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম ঢাকা পোস্টকে এই প্রতিবেদকের এক প্রশ্নের জবাবে বলেন, 'দল আত্মগুরুত্বশীল পর আমরা এখন নিবন্ধনের শর্তাবলির প্রতি গুরুত্বারোপ করেছি। সাংগঠনিক কাঠামো বিস্তারে মনোযোগ দিয়েছি। রোজার পর এগুলো পুরোদমে চলবে। এরপর নির্বাচনের দিকে আমরা জাবব।'

গত ২৮ ফেব্রুয়ারি মানিক মিয়া অ্যাডভিনিউয়ে বিশাল জমায়েতের মাধ্যমে আত্মপ্রকাশ করে এনসিপি। এই প্রকাশ্য কমিটি ঘোষণা করা হলেও দ্রুত সময়ে ১১৭ সদস্যের আহ্বায়ক কমিটির অনুমোদন দেওয়া হয়। গত ৪ মার্চ সাভারের জাতীয় স্মৃতিসৌধে একাত্তরের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা এবং রায়েরবাজারে চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের কবর জিয়ারতের মাধ্যমে আনুষ্ঠানিক কর্মসূচি পালন করে করে এনসিপি। এরপর নিয়মিত দলটির তৃণমূলের নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করছেন কেন্দ্রীয় নেতারা। জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তৃণমূলের সব কমিটির সঙ্গে যোগাযোগ এবং নতুন দলের কমিটির বিষয়ে আলোচনা চলছে বলে জানা গেছে।

দলীয় সূত্র বলছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনে সব আসনেই এককভাবে দলীয় প্রার্থী দিতে চায় জাতীয় নাগরিক পার্টি। তরুণ, যুবক ও প্রবীণদের সমন্বয়ে প্রার্থিতা দেওয়ার ছক আঁকছে নতুন রাজনৈতিক দলটি। ভোটের মাঠে নিজেদের প্রার্থিতা বাছাই এবং দলকে তৃণমূল পর্যায়ে শক্তিশালী করার উদ্যোগও নেওয়া হয়েছে। রোজার কারণে কাজগুলো ধীরগতিতে চললেও রোজা শেষে পুরোদমে চলবে বলে জানিয়েছেন দলটির নেতারা।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) একাধিক নেতা বলেন, একটি সম্বল বিপ্লব সম্পন্নের পর আমাদের নতুন রাজনৈতিক শক্তির আত্মপ্রকাশ। তৃণমূল পর্যায়ে আমাদের ব্যাপক সমর্থন আছে। বিশেষ করে তরুণ প্রজন্ম আমাদের সঙ্গে যুক্ত আছে। তৃণমূল পর্যায়ে দলের সাংগঠনিক কাঠামো শক্তিশালী করার জন্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। রোজাশেষে মাঠে সক্রিয়ভাবে কাজ শুরু করব। এখন আমাদের নিবন্ধনের বিষয়ে কাজ চলছে। অল্প সময়ের মধ্যে নিবন্ধন পেয়ে গেলে দলীয় প্রতীক নিয়ে মাঠে যাব। এখন আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে দলের গঠনতন্ত্র তৈরি করা। একই সঙ্গে দলীয় স্লোগান, ঘোষণাপত্র, সাংগঠনিক কাঠামো নিয়ে কাজ চলছে। ঈদের পরই গঠনতন্ত্র, স্লোগান, ঘোষণাপত্র ও প্রতীক নিয়ে আমরা সাধারণ মানুষের কাছে পৌঁছাতে পারব।

এমপির বাড়ি দখল

বাসায় বসবাস করেন।

এর আগে শনিবার (৮ মার্চ) দুপুরের দিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক পরিচয়ে জোয়াহেরুল ইসলাম শহরে ছোটকালীবাড়ির ছাতলা ভবনের তালা ভেঙে প্রায় ২০ জন মানসিক ভারসাম্যহীনকে নিয়ে বাড়িটি দখলে নেন মারইয়াম মুকাদ্দাসা মিষ্টি।

জোলাহুড়ে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হলে যৌথবাহিনী অভিযান চালিয়ে ওই দিন রাতে বাড়িটি দখলমুক্ত করে। এর পরিপ্রেক্ষিতে মিষ্টিকে পুলিশি হেফাজতে নেওয়া হয়। পরে গভীর রাতে মুচলেকা দিয়ে থানা পুলিশের কাছ থেকে মুক্তি পান তিনি।

এদিকে, বাসা ভাঙচুর, লুটপাট, দখল ও ১০ কোটি টাকা চাঁদা দাবির ঘটনায় জোয়াহেরুল ইসলামের স্ত্রী রওশন আরা খান বাদী হয়ে ৯ মার্চ টাঙ্গাইল সদর থানায় মামলা করেন। মামলার পর মিষ্টিকে হেফতার করে পুলিশ।

সাবেক সংসদ সদস্য জোয়াহেরুল ইসলামের স্ত্রী রওশন আরা খান বলেন, 'মিষ্টি আমার কাছে প্রথমে ১০ কোটি টাকা চাঁদা চেয়েছিল। সেই টাকা না দেওয়ায় তারা বাড়ি জবরদখল করে। এ ঘটনায় থানায় মামলা দায়ের করেছি। বাড়িটি আমার নামে, স্বামীর নামে নয়। এ ঘটনার সঠিক বিচার দাবি করছি।'

টাঙ্গাইল সদর থানার ওসি তানভীর আহমেদ বলেন, রবিবার জোহেরুল ইসলামের স্ত্রী রওশন আরা বাদী হয়ে টাঙ্গাইল সদর থানায় সমন্বয়ক মারইয়াম মুকাদ্দাসা মিষ্টির বিরুদ্ধে মামলা করেন। সেই মামলায় তাকে হেফতার করা হয়েছে।

লুটের টাকায় নির্বাচন

অংশগ্রহণ করে।

তিনি আরও বলেন, বর্তমানে একদিকে সংস্কার আর অন্যদিকে নির্বাচন খুব বেশি জরুরি হয়ে পড়েছে। কারণ চারদিকে আমরা অস্থিরতা লক্ষ্য করছি। সেটা অর্থনৈতিকভাবে বলেন, সেটা আইনশৃঙ্খলা অবনতির দিকে বলেন, সেটা দ্রব্যমূল্যের কথা বলেন, চুরি-ডাকাতির বা চাঁদাবাজির কথা বলেন। এগুলো আমাদের দেশকে অস্থিতিশীল করে তুলছে। এসব ব্যাপারগুলোকে প্রতিহত করার জন্য আমাদের সুদৃঢ় ঐকাত্য থাকা প্রয়োজন। এটাই হোক আমাদের আগামীদিনের অঙ্গিকার।

বিএনপি আগামী দিনে ক্ষমতায় আসলে সবাইকে নিয়ে, বিশেষ করে যারা আমরা একাবদ্ধভাবে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে অংশগ্রহন করেছি, তারা সবাই মিলে জাতীয় ঐকমত্যের সরকার গঠন করবো। এটাই বিএনপির পরিকল্পনা। তাই সবাইকে ঐক্য ধরে রাখতে হবে। ঐক্য যাতে বিনষ্ট না হয়।

পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ ফুটবল এসোসিয়েশনের সহ-সভাপতি ওয়াহিদ উদ্দিন চৌধুরী এ্যানির সভাপতিত্বে ও কলেজ রোড ক্রীড়া সংঘের উপদেষ্টা মাহাবুব আলম মামুনের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেজর বিএনপির যুগ্ম আহ্বায়ক এড. হাসিবুর রহমান, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আব্দুল মোন্নাফ, জেলা যুবদলের আহ্বায়ক রেজাউল করিম লিটন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক সৈয়দ রশিদুল হাসান লিংকন, ক্রিড়া ব্যক্তিত্ব আবদুর রব শামীম, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি এড. মহসিন কবির, জেলা ছাত্রদলের সভাপতি হাসান মাহমুদ ইব্রাহীম, সাধারন সম্পাদক আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

সর্বনাশা অবৈধ ক্লিনিক

মেলেছে এসব অভিযোগের সত্যতা। সরকারি হাসপাতালের ২০০ গজের মধ্যে কোনো প্রাইভেট ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার রাখা যাবে না এমন নির্দেশনা থাকলেও 'স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তারা বলছেন, তাদের হাতে পুরোপুরি আইনপ্রয়োগ করার ক্ষমতা না থাকায় অভিযোগ আসা সত্ত্বেও তারা কার্যকর ব্যবস্থা নিতে পারছেন না।

ওদিকে সরজমিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আশপাশে দেখা যায়, ওই এলাকায় অবৈধিক ডায়াগনস্টিক, অ্যাকটিভ ডায়াগনস্টিক সেন্টার, রিলাক্সে ডায়াগনস্টিক, ঢাকা ডায়াগনস্টিক সেন্টার, অ্যাডভান্স হেলথ এইড ডায়াগনস্টিক সেন্টার, পিওর সায়েন্টিফিক ডায়াগনস্টিক সেন্টারসহ আরও বেশ কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে নির্ধারিত দালালরা রোগী নিয়ে আসেন ঢাকা মেডিকেল থেকে।

পিওর সায়েন্টিফিক ডায়াগনস্টিক লিমিটেড থেকে কাঁদতে কাঁদতে বের হচ্ছিলেন হাফসা আক্তার নামের এক রোগী। মদপদুর থেকে পেটে সমস্যা নিয়ে এসেছিলেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে। টেস্ট করার জন্য ঢাকা মেডিকেলের দ্বিতীয় তলায় গেলে সেখানে শফিক নামে এক দালাল তাকে ২০০ টাকায় টেস্ট করিয়ে দিবে বলে নিয়ে যায় পিওর সায়েন্টিফিক ডায়াগনস্টিকে। টেস্ট করানোর পর তার হাতে এক হাজার টাকার বিলের রসিদ ধরিয়ে দেয়া হয়। অনেক কথা কাটাকাটির পর বাধ্য হয়ে ৮০০ টাকা দিতে হয়েছে তাকে। টাকা তো দিয়েছেন সঙ্গে মোবাইল ফোনটাও হারিয়ে ফেলেছেন। তিনি বলেন, আমি গরিব মানুষ টাকা নেই বিধায় ঢাকা মেডিকেলে ডাক্তার দেখাতে এসেছি। ঢাকা মেডিকেলে যে টেস্ট করালে ২০০ টাকা লাগতো সেই টেস্ট এখানে তার কাছ থেকে ৮০০ টাকা নিয়েছে।

কিন্তু কিছু ডায়াগনস্টিক সেন্টার স্বয়ং এমবিবিএস ডাক্তারের সিলযুক্ত প্যাড ব্যাবহার করছে। ঢাকা ডায়াগনস্টিক সেন্টার তাদের প্যাডে প্রফেসর ডা. এসকে বাউলের সিল ব্যবহার করে রোগীদের রিপোর্ট দিচ্ছে। ঢাকা ডায়াগনস্টিক সেন্টারে সরজমিন দেখা গেছে এই চিকিৎসক ওই ডায়াগনস্টিক সেন্টারে বসেন না। ডায়াগনস্টিক সেন্টারে শিপন নামে শুধুমাত্র একজন রেডিওলজিস্ট রয়েছে। তাকে দিয়ে এইখানে বসা ডেক্টিসটদের পরিচালক আমিনুল ইসলামের কাছে এ ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্সে কোন কোন টেকনিশিয়ানদের নাম উল্লেখ করা আছে তা জানতে চাইলে তিনি কোনো সদুত্তর দিতে পারেননি। এ ছাড়া লাইসেন্স দেখাতে পারেননি। বলেন, এখানে রেডিওলজি বিভাগে আশরাফুল ইসলাম মুজাহিদ কাজ করেন। কিন্তু দেখা যায় এখানে মুজাহিদ দায়িত্ব পালন করার কথা থাকলেও রেডিওলোজিতে কাজ করেন শিপন। রেডিওলজিস্ট শিপন স্বীকার করে বলেন, এখানে আমি একাই কাজ করি অন্য কেউ কাজ করে না। চিকিৎসক এসকে বাউলকে কখনো বসতে দেখেননি বলে ওই ক্লিনিকের এক কর্মী জানিয়েছেন।

এই কথনের আরেক ডায়াগনস্টিক সেন্টার নাম পিওর হলেও কাজে পুরোটাই ভেজাল, ঢাকা মেডিকেলে আসা দরিদ্র রোগীদের দালালের মাধ্যমে প্রলোভন দেখিয়ে টেস্ট করানোর জন্য এখানে নিয়ে আসেন তারা। গুরুতে রোগীদের কম মূল্যে পরীক্ষা করানোর কথা বললেও পরে তাদের হাতে অধিক মূল্যের রসিদ ধরিয়ে দেয়। এছাড়া তাদের এক্সরে মেশিন ও টেকনিশিয়ান নেই কেউ এক্সরে করতে আসলে তারা ঢাকা ডায়াগনস্টিক সেন্টারের এক্সরে মেশিন ও টেকনিশিয়ানদের দিয়ে এক্সরে করেন। যেখানে খোদ ঢাকা ডায়াগনস্টিক সেন্টারে রয়েছে মান-হীন মেশিন ও অদক্ষ টেকনিশিয়ান।

'খবই অস্বাস্থ্যকর'

স্থানে পরিষ্কারিনের লাবেরা : তারু অনুযায়ী লাহোরের বাতাসও সেখানকার নাগরিকদের জন্য 'খুব অস্বাস্থ্যকর'। তৃতীয় স্থানে থাকা ভিয়েতনামের হানয় শহরের তারু ১৯১ যা 'সেখানকার বাতাসও খুব অস্বাস্থ্যকর' অবস্থাকে নির্দেশ করে। সোমবার সকাল সাড়ে ৭টায় বৈশ্বিক সূচকে শহরগুলোর অবস্থান।

প্রসঙ্গত, ১০১ থেকে ১৫০ এর মধ্যে হলে বাতাসের মান 'সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর', ১৫১ থেকে ২০০ এর মধ্যে একবিধ স্কোরকে 'অস্বাস্থ্যকর' বলে মনে করা হয়। ২০১ থেকে ৩০০ এর মধ্যে 'খুব অস্বাস্থ্যকর' বলা হয়, ৩০১+ একিউআই স্কোরকে 'ঝুঁকিপূর্ণ' হিসেবে বিবেচনা করা হয়।

বাংলাদেশে একিউআই নির্ধারণ করা হয় দূষণের ৫টি বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে। সেগুলো হলো- পজ্ঞকণা (পিএম১০ ও পিএম২.৫), এনও২, সিও, এসও২ ও ওজোন (৩ও)। দীর্ঘদিন ধরে বায়ুদূষণে ভুগছে ঢাকা। এর বাতাসের গুণমান সাধারণত শীতকালে অস্বাস্থ্যকর হয়ে যায় এবং বর্ষাকালে কিছুটা উন্নত হয়।

লক্ষ্মীপুরে জোরপূর্বক বসতি

মমতাজ বেগম এর উপর হামলা চালায়। তার চিৎকারে মেয়ে সানজিদা আক্তার, ভাসুরের স্ত্রী শিরিন আক্তার, মেয়ে সাইমা কানিজ আঁথি ছুটে আসলে তাদেরকেও পিটিয়ে আহত করা হয়। পরে আশপাশের লোকজন এসে তাদেরকে উদ্ধার করে লক্ষ্মীপুর সদর হাসপাতালে পাঠান।

মৃত আব্দুল মন্নান এর মেয়ে ফাতেমা জানান, আমাদের জন্যের পর থেকে এ স্পর্শতি আমরা ভোগদখল করে আসছি। আজ সকালে আমার জেঠাতো ভাই সুমন ও তার পরিবারের লোকজন এসে আমাদের সম্পত্তি দখল করার সময় আমার ভাই মৃত মোহাম্মদ শাহাদাত হোসেন এর ভাই মমতাজ বেগম বাধা দিলে তাকে পিটিয়ে আহত করা হয়। তার চিৎকারে আমার ভাই কাউছার হোসেন এর স্ত্রী শিরিন আক্তার, মেয়ে সারিা ও আঁথি ছুটে আসলে তাদেরকেও পিটিয়ে আহত করা হয়। আমি এ ব্যাপারে প্রশাসনের কাছে ন্যায় বিচার প্রার্থনা করছি।

আহত মমতাজ বেগম জানান, শুক্রবার সকালে লক্ষ্মীপুর সদর থানা থেকে পুলিশ এসে আমাদেরকে একটি সহকারী উপ-পুলিশ পরিদর্শক মোঃ নুরুল করিম চ

উদ্বেগ বাড়াচ্ছে 'মব জাস্টিস'

দেশে মব জাস্টিস বা গণপিটুনির ঘটনা উদ্বেগজনক হারে বাড়ছে। প্রতিদিনই কোথাও না কোথাও গণপিটুনির ঘটনায় হতাহতের খবর পাওয়া যাচ্ছে। এমনকি ভুক্তভোগীর তালিকা থেকে বাদ যাচ্ছেন না বিদেশি নাগরিকও। যেমন, গেল মঙ্গলবার রাজধানীর ভাটারায় দিনদুপুরে মারধরের শিকার হয়েছেন দুই বিদেশি নাগরিক। ভাটারা থানার ওসি জানিয়েছেন, আহত বিদেশি দুজন ইরানের নাগরিক। কেন মব তৈরি করে তাদের মারধর করা হয়েছে তা স্পষ্ট নয়; তবে তাদের সঙ্গে থাকা ফোন ও নগদ অর্থ ছিনতাই হয়েছে। এদিকে চট্টগ্রামের সাতকানিয়ায় যা ঘটেছে, তা আরও ভয়াবহ। সাদিশের জন্য ডেকে নিয়ে মসজিদের মাইকে ঘোষণা দিয়ে 'মব জাস্টিস' তৈরি করে জামায়াতের দুই কর্মীকে কুপিয়ে হত্যা করা হয়েছে। সোমবার মধ্যরাতের এ ঘটনায় নিহতদের পুরো শরীর ক্ষতবিক্ষত ও বিকৃত হয়ে গেছে। এ সময় গুলিবিদ্ধ হয়েছেন আরও অন্তত পাঁচজন। প্রথমেই বলতে হয়, 'মব জাস্টিস' কথাটির মধ্যেই আপত্তির বিষয় রয়েছে। কারণ মব কখনো জাস্টিস হতে পারে না। জমায়েত হয়ে আইন নিজের হাতে তুলে নেওয়া আইনের লঙ্ঘন। অপরাধী যে অপরাধই করে থাকুক, তার জন্য দেশে প্রচলিত আইন রয়েছে। প্রমাণ সাপেক্ষে শাস্তির বিধানও রয়েছে। বড় হোক কিংবা ক্ষুদ্র, কোনো ঘটনাকে সাধারণ মানুষ যদি অপ্রকাশ্য না জেনে শাস্তি দেওয়ার কাজে শামিল হয়, তা আইনের শাসনকেই প্রশ্নবিদ্ধ করে। এভাবে আইন নিজের হাতে তুলে নেওয়া শুধু আইনকে অবজ্ঞারই শামিল নয়, বিচারব্যবস্থার প্রতি আস্থাহীনতারও ইঙ্গিত দেয়। রাজধানীতে দুই বিদেশির ঘটনা উদ্বেগজনক, তা বলাই বাহুল্য। আর চট্টগ্রামের ঘটনার বিষয়টি সরকারের বিশেষভাবে ভেবে দেখার কারণ রয়েছে। যেভাবে মসজিদের মাইকে ঘোষণা দিয়ে গ্রামের লোক জড়ো করে মব জাস্টিসে জড়ানো হয়েছে, দুজনকে কুপিয়ে হত্যা করা হয়েছে, তা ছোট করে দেখার সুযোগ নেই। এ ধরনের ঘটনার রাশ টানা না গেলে জনমনে শুধু আতঙ্কই দেখা দেবে না, সমাজে তীব্র নিরাপত্তাহীনতাবোধেরও জন্ম নেবে। প্রকৃতপক্ষে গণপিটুনি ব্যাপারটি কেবল অমানবিকই নয়, সম্পূর্ণ অসাংবিধানিক ও অবৈধও বটে। বাংলাদেশ সংবিধানের ৩১, ৩৩ ও ৩৫ অনুচ্ছেদ মোতাবেক আইনের আশ্রয় লাভ, আইনানুযায়ী ব্যবহার লাভ, বিচার লাভ, আত্মপক্ষ সমর্থনের সুযোগ লাভ-অপরাধী ও নিরপরাধ নির্বিশেষে প্রত্যেকের মৌলিক অধিকার। অন্যদিকে অপরাধীকে গ্রেফতার করা পুলিশের আইনগত দায়িত্ব। গণপিটুনিতে কেউ জড়িত প্রমাণে অর্থবল-কারাবল কিংবা উভয় দণ্ডের বিধান রয়েছে। ঘটনাক্ষেত্রে এ শাস্তি যাবজ্জীবন পর্যন্ত হতে পারে। কাজেই কঠোর আইন থাকা সত্ত্বেও এমনটা ঘটার জন্য শুধু আইনের শাসনের দুর্বলতাকেই প্রশ্নবিদ্ধ করলে হবে না, বরং ভ্রান্ত রাজনৈতিক সংস্কৃতির অভাবকেও দায়ী করতে হবে। বিচারহীনতার সংস্কৃতি বন্ধে তাই রাজনৈতিক দলগুলোর ভেতরে এ চর্চা বৃদ্ধির ওপর জোর দিতে হবে বলে মনে করি আমরা। পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীকেও তৎপর হতে হবে। কারণ দায়ীদের দ্রুত গ্রেফতারের নজির সৃষ্টি হলে পরবর্তী সময়ে এমন কাজে কেউ জড়াতে সাহস পাবে না। সরকার মব জাস্টিস বন্ধে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে, এটাই প্রত্যাশা।

আইনের আওতায় আনতে বিলম্ব কাম্য নয়

জুলাই অভ্যুত্থানের সময় রাজধানীর চানখাঁরপুলে ছাত্র-জনতাকে নির্বিচারে গুলি করে 'হত্যা মিশনে' অংশ নেওয়া পুলিশ কর্মকর্তাদের অনেকে এখনো চাকরিতে বহাল রয়েছেন। চানখাঁরপুলে স্কুলছাত্র আনাসসহ সাতজনকে হত্যায় জড়িত কর্মকর্তারা মামলার আসামি হলেও তাদের এখনো গ্রেফতার করেনি পুলিশ। মাঠে কিলিং বাস্তবায়নকারী রমনা জোনের সাবেক অতিরিক্ত উপকমিশনার (এডিসি) শাহ আলম মো. আখতারুল ইসলামকে সিলেটে বদলি করা হলে নতুন কর্মস্থল থেকে পালিয়ে যান তিনি। উল্লেখ্য, জুলাই অভ্যুত্থানে হত্যা ও হত্যাচেষ্টা মামলায় সাবেক ও বর্তমান ৯৫২ পুলিশ সদস্য আসামি হলেও মাত্র ২৮ জনকে গ্রেফতার করা সম্ভব হয়েছে। ৫ আগস্টঃ পরবর্তী নতুন বাংলাদেশের বয়স সাত মাস হতে চললেও গণহত্যায় জড়িত পুলিশ সদস্যদের আইনের আওতায় না আনার বিষয়টি হতাশাজনক। এ বিষয়ে শহিদ পরিবারের সদস্যরা বলেছেন, ফ্যাসিস্ট আওয়ামী লীগের এজেন্ডা বাস্তবায়নকারী 'পুলিশ লীগের' জড়িত কর্মকর্তা ও সদস্যদের অবশ্যই আইনের আওতায় আনতে হবে। তারা আরও বলেছেন, এখনই গ্রেফতার করা না হলে বাকিরাও আত্মগোপনে বা দেশ ছেড়ে পালিয়ে যাবে; চাকরিতে বহাল থাকলে জুলাই হত্যা মামলায় জড়িত অপরাধীদের প্রভাব অপচেষ্টা চালাবেন তারা। গণহত্যায় 'স্বতন্ত্রমতা' ও 'সরাসরি জড়িত' পুলিশ কর্মকর্তাসহ জড়িত সব সদস্যকে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান তারা। ৫ আগস্ট ছাত্র-জনতার রক্তের ওপর দিয়ে দেশ ছেড়ে পালিয়ে যান স্বৈরাচার শেখ হাসিনা। তার পলায়নের বিষয়টি জানার পরও সুবিধাভোগী পুলিশ কর্মকর্তা ও সদস্যদের তাণ্ডব থামেনি চানখাঁরপুলে। ওইদিন দুপুরের দিকে এডিসি আখতারের নির্দেশে গুলি চালানো হয় নিরস্ত্র ছাত্র-জনতার ওপর। এতে স্কুলছাত্র আনাসসহ ঘটনাস্থলেই শহিদ হন সাতজন। যুগান্তরের অনুসন্ধানে তাদের মধ্যে হারজনের নিহতদের পরিচয় পাওয়া গেছে। বস্তুত ৫ আগস্টে স্বৈরাচার শেখ হাসিনা দেশ ছেড়ে পলায়নের বিষয়টি জানার পরও সুবিধাভোগী বহু পুলিশ দেশের বিভিন্ন স্থানে তাণ্ডব চালিয়েছে। জুলাই অভ্যুত্থানের সময় আন্দোলন দমনের নামে সারা দেশে নির্বিচার হত্যাকাণ্ডে মেতে উঠেছিল পুলিশ বাহিনীর বহু সদস্য। জাতীয় জীবনে গর্ব করার মতো অবদান রেখেছে বাংলাদেশের পুলিশ। এ বাহিনী ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদারদের আক্রমণ রুখে দিয়ে গড়ে তুলেছিল সশস্ত্র প্রতিরোধ। অথচ জুলাই অভ্যুত্থানের সময় পুলিশ হয়ে উঠেছিল ফ্যাসিস্ট সরকারের লাঠিয়াল। এ সময়কে জড়িত পুলিশ বাহিনীর সব সদস্যকে আইনের আওতায় আনা হবে, দেশবাসী এটাই দেখতে চায়।

ভাটারায় অগ্নিকাণ্ড

প্রায় প্রতিমাসে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেই চলেছে। গত সোমবার দুপুরে রাজধানীর ভাটারায় শাহজাদপুর এলাকায় একটি আবাসিক ভবনে অগ্নিকাণ্ড আগুন লাগে। এ সময় হোটেলে অবস্থানরত চারজন অতে হোটে ওঠার চেষ্টা করেন। তবে চিলেকোঠার ছাদ বন্ধ থাকায় তারা আগুনে নয় বরং অক্সিজেনের অভাবে শ্বাসকষ্টে মারা যান। ফায়ার সার্ভিসের বারিধারা ইউনিট আধ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডের যথাযথ কারণ জানা সম্ভব না হলেও লোকমুখে অবস্থিত একটি বিউটি পার্লার থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে জানা যাবে আসল বিষয়টি। এক তলায় অবস্থিত দু'একটি দোকানেও আগুন ছড়িয়ে পড়ে। তবে তেমন ক্ষয়ক্ষতি হয়নি। উল্লেখ্য, হোটেলের মালিক পক্ষের কাউকে পাওয়া যায়নি। ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, ভবনটি রাজউকের নির্মাণ বিধি অনুযায়ী তৈরি করা হয়নি। কোনো ফায়ার সেফটি প্ল্যান এবং অগ্নিনির্বাপণ ব্যবস্থাও ছিল না। ওপরে ওঠার সিঁড়িগুলো ছিল সরু। এর আগে গত ফেব্রুয়ারি মাসের শেষার্ধে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে খিলগাঁও তালতলা মার্কেটে। তাতে ২৫টি দোকান ও দুটি করাত কল ভস্মীভূত হয়। দোকানগুলোতে বিভিন্ন রাসায়নিক পদার্থ এবং গ্যাস সিলিন্ডার ছিল। সিলিন্ডার বিস্ফোরণ অথবা বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেও আগুন লাগতে পারে বলে ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা। এ মার্কেটেও কোনো কমপ্লায়েন্স ছিল না। সারাদেশে একের পর এক ঘটেই চলেছে অগ্নিকাণ্ডের ঘটনা। পুরান ঢাকার নিমতলী, চুড়িহাট্টা, বনানীর ওফফাত টাওয়ার, বেইলি রোড, মগবাজারের শর্মা হাউস, বগুবাজার ও নিউমার্কেটসহ গত কয়েক বছরে ঢাকায় কয়েকটি বড় অগ্নিদুর্ঘটনা ঘটেছে। প্রতিবার আগুন লাগার পর নড়েচড়ে বসে সরকার। নানা রকম আশ্বাস ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলা হলেও বাস্তবায়ন হয় খুব কম। সর্বশেষ, সচিবালয়ে অগ্নিকাণ্ডের ঘটনায় হতবিহ্বল হয়েছে পুরো দেশের মানুষ। ফায়ার সার্ভিস সদর দপ্তরের তথ্যানুযায়ী, গত বছর সারাদেশে ২৬ হাজার ৬৫৯টি অগ্নিকাণ্ডে ঘটনা ঘটেছে। এর মধ্যে ৪ হাজার ১৩৯টি আগুন লাগার ঘটনা ঘটেছে বিড়ি-সিগারেটের জ্বলন্ত টুকরা থেকে। এসব অগ্নিকাণ্ডে সম্পদের ক্ষতি হয়েছে ৪৪৬ কোটি ২৭ লাখ ২৮ হাজার ৬৯৭ টাকা। ফায়ার সার্ভিস আগুন নির্বাপণের মাধ্যমে ১ হাজার ৯৭৪ কোটি ৪৪ লাখ ৭২ হাজার ৮৭৫ টাকার সম্পদ রক্ষা করেছে। অগ্নিকাণ্ডে সারাদেশে ৩৪১ জন দগ্ধ ও ১৪০ জন নিহত হন। অগ্নিনির্বাপণ ও উদ্ধার কাজ করতে গিয়ে ৩৭ জন ফায়ার সার্ভিসের বিভাগীয় কর্মী আহত এবং নিহত হন দুজন। অগ্নিনির্বাপণকালে উচ্ছ্বঙ্খল জনতা ফায়ার সার্ভিসের ৩৪টি গাড়ি ভাঙচুর ও আটটি গাড়িতে অগ্নিসংযোগ করে। অগ্নিকাণ্ড না কমে বছরের পর বছর বেড়ে যাওয়ার মূল কারণ ভবন নির্মাণের আগে বিল্ডিং কোড না মানা, ফায়ার সার্ভিসের নীতিমালার তোয়াক্কা না করা, ভবন সাজসজ্জায় অতিরিক্ত দাহ্য পদার্থ ব্যবহার এবং নিম্নমানের বৈদ্যুতিক তার ব্যবহার করা ইত্যাদি। আবার দাহ্য পদার্থ ব্যবহার করলেও ফায়ার সেফটি প্ল্যান এবং অগ্নিনির্বাপণ যন্ত্র ব্যবহার করা হচ্ছে না অধিকাংশ ভবনে—জানিয়েছেন ফায়ার বিশেষজ্ঞরা। বেইলি রোডের অগ্নিকাণ্ড থেকে যা স্পষ্ট প্রতীয়মান। অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে সব ধরনের ভবনে আগুন বা ধোঁয়া শনাক্তকরণ, অগ্নিনির্বাপণ এবং আগুন লাগলে নিরাপদে বহির্গমনের ব্যবস্থা থাকা বাঞ্ছনীয়। এ ছাড়া যে কোনো ভবন নির্মাণে ফায়ার সার্ভিস ও সিটি করপোরেশনের অনুমোদন নেওয়া বাধ্যতামূলক করা একান্ত প্রয়োজন।

'নগদ'-এর বড় জালিয়াতি

সম্প্রতি বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ব্যাংকিং সেবাদানকারী প্রতিষ্ঠান 'নগদ'-এর ভয়াবহ ডিজিটাল জালিয়াতির তথ্য উঠে এসেছে কেন্দ্রীয় ব্যাংকের তদন্ত প্রতিবেদনে। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় নগদ কর্তৃপক্ষ দুর্নীতি করেছে। বিষয়টি উদ্বেগজনক। একটি চক্র নানাভাবে লোপাট করেছে বিপুল পরিমাণ অর্থ। জানা যায়, এ জালিয়াতিতে নগদকে প্রত্যক্ষভাবে উৎসাহিত করেছেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার পুত্র তথকালীন তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় সরাসরি এর সুবিধা ভোগ করেছেন। ডাক অধিদপ্তর ও থার্ড ওয়েভ টেকনোলজির চুক্তি অনুযায়ী, নগদের ব্যাংক হিসাবে যত টাকা জমা থাকবে, ঠিক সমপরিমাণ ই-মানি ইস্যু করা যাবে। এর বেশি ই-মানি ইস্যু করা যাবে না। কিন্তু নগদ অ্যাকাউন্টে থাকা টাকার চেয়ে ৬৪৫ কোটি টাকার বেশি ই-মানি ইস্যু করা হয়েছে। অনুমোদন ছাড়াই নগদে ৪১টি পরিবেশকের হিসাব খোলার মাধ্যমে ১ হাজার ৭১১ কোটি টাকা বের করে নেওয়ার ঘটনা ঘটেছে। এসব পরিবেশকের দায়িত্ব ছিল সরকারি ভাতা বিতরণ করা। কিন্তু তারা ভাতা বিতরণ করেননি।

শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় জাতীয় ঐক্যের বিকল্প নেই

জামালউদ্দিন বারী

সেনাপ্রধান ওয়াকার উজ-জামানের সাম্প্রতিক একটি বক্তব্য নিয়ে সর্বমহলে মিশ্র প্রতিক্রিয়া কিংবা অতি প্রতিক্রিয়াশীলতা দেখা গেছে। সেনাবাহিনী রাষ্ট্রের স্বাধীনতা সার্বভৌমত্বের অন্তস্থ প্রহরী হলেও সেনাপ্রধান সরকারের কোনো অংশ নয়। সাংবিধানিক আইনের আওতায় সরকার চাইলে সেনাবাহিনী কখনো কখনো বেসামরিক প্রশাসনের সহায়তায় কাজ করে থাকে। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পতনের পর শেখ হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছিল। কারণ, গত দেড় দশকে পুলিশ বাহিনীসহ দেশের আইনশৃঙ্খলা ও সশস্ত্র বাহিনীসমূহকে ভারতীয় এজেন্ডায় আওয়ামী লীগের দলীয়করণ করা হয়েছিল। রাজনৈতিকভাবে পুরো জাতি শেখ হাসিনার দুঃশাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ সংগ্রামে ঝাঁপিয়ে পড়লেও কার্যত জনবিচ্ছিন্ন আওয়ামী লীগ ও শেখ হাসিনার স্বৈরাচারি শাসন টিকিয়ে রাখতে পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী শুরু থেকে শেষ সময় পর্যন্ত জনগণের উপর গুলি চালাতে কুণ্ঠিত হয়নি। ভারতে পালিয়ে যাওয়ার মুহূর্তেও শেখ হাসিনা নাকি তাঁর ছেলে তাঁকে যাওয়ার পর পুলিশকে বিদ্রোহীর ভূমিকায় ঠেলে দিতে অনুগত পুলিশ প্রধানকে নির্দেশনা দিয়েছিলেন। ৩ আগস্ট সেনা সদরে অনুষ্ঠিত বিশেষ দরবার ডেকে রাজধানে আন্দোলনে সেনাবাহিনীর করণীয় সম্পর্কে একটি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে দেশের সব সেনা ইউনিটের প্রধানসহ সব গুরুত্বপূর্ণ সেনা কর্মকর্তাদের অংশগ্রহণ করতে দেখা গিয়েছিল। সেখানে অবসরপ্রাপ্ত উচ্চপদস্থ সেনা কর্মকর্তারা এবং নিম্ন ও মধ্য সারির প্রায় সব সেনা কর্মকর্তা জনগণের বুকে গুলি না চালিয়ে তাদের আন্দোলনে সমর্থন দেয়ার পক্ষে মত দেন। মূলত সেদিনই শেখ হাসিনার ভাগ্য নির্ধারিত হয়ে গিয়েছিল। সেনাপ্রধান ওয়াকার উজ-জামান সেদিন সেনাপ্রধান হিসেবে তার বাহিনীর উপর কোনো কর্তৃত্ববাদী সিদ্ধান্ত চাপিয়ে দিতে চাইলে কি ঘটত তা নিয়ে মন্তব্ধর থাকলেও কোনো পক্ষের জন্যই তা মোটেও সুখকর হতো না। আন্দোলনের সময় শেখ হাসিনার নির্দেশে কয়েকজন সেনাবাহিনীর কিছু সদস্যকে অনেকটা দলগত ভাবে-পুলিশের ভূমিকায় দেখা গেলেও শেষ পর্যন্ত জাতির সেই মাহেন্দ্রক্ষণে সেনাবাহিনীর ইতিবাচক ভূমিকা ছাত্র-জনতার রক্তক্ষরণ কিছুটা কমিয়ে বিজয় নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রেখেছিল। ঢাকার বিভিন্ন প্রবেশপথে পুলিশের সাথে ছাত্র-জনতার সংঘর্ষে শত শত মানুষের প্রাণহানি, হাজার হাজার মানুষ গুলিবিদ্ধ হওয়ার পরও ছাত্র-জনতাকে একচুলও হটানো যায়নি। ছাত্র-পুলিশের সংঘাত ও সম্মুখ সমর শেষ পর্যন্ত পুলিশের পতন ও থানায় হামলা, অগ্নি সংযোগ, গণপিটুনিতে বেশকিছু পুলিশ সদস্যের মৃত্যু ও বাকিদের পলায়নের মধ্য দিয়ে ৩৬ জুলাইয়ের আন্দোলনের পরিসমাপ্তি ঘটে। তার পর ৭ মাসেও দেশের পুলিশ বাহিনী স্বাভাবিক শৃঙ্খলাসহ পূর্ণ কর্মক্ষমতায় ফিরে আসেনি। প্রফেসর ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের হাতে অন্তর্বাণ দেবার পরই বেকারী ও হাজার হাজার প্রতিবন্ধি রাজনৈতিক জেলের মুক্তি প্রথম পরিস্থিতিতে বিএনপি ও জামায়াতের মধ্যে ক্ষমতাকেন্দ্রিক স্বার্থদ্বন্দ্ব ও নানা বিষয়ে মতপার্থক্য ও স্পষ্ট হয়ে দেখা দিতে শুরু করে। এসব দলের নেতাকর্মীদের বিগত ১৬ বছরের চরম তীক্ষ্ণ অভিজ্ঞতা, দিশাহারা-বক্তব্য এবং দেশকে একটি ভয়ঙ্কর শূণ্যতা ও অন্তুহতার গহ্বরে ফেলে দেয়ার যড়যন্ত্র সম্পর্কে যথেষ্ট সচেতন হয়েও তাদের এ্রেদে আচরণ গণঅভ্যুত্থানের মূল স্পিরিট ছাত্র-জনতা তথা নতুন প্রজন্মের মধ্যে এক ধরণের হতাশা ও বিক্ষোভের জন্ম দেয়া অস্বাভাবিক নয়। জরুরি প্রয়োজনীয় সংস্কার, স্থানীয় ও জাতীয় নির্বাচনের টাইমলাইন, গুম-খুন- গণহত্যার বিচার, শেখ হাসিনা মনোনীত রাষ্ট্রপতির অপসারণ, শেখ হাসিনা ও তার দোসরদের বিচার এবং অপরাধী সংগঠন হিসেবে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে বিএনপি-জামায়াতের মতভেদ থাকতেই পারে। কিন্তু তার মধ্যে যদি ভারতীয় এজেন্ডার প্রতিফলন দেখা যায়, পতিত স্বৈরাচারের ন্যায়েচিউ ব্যবস্থার করে তাদের পুনর্বাসনের ভাব-লক্ষণ প্রতিফলিত হয়, তা শুধুমাত্র ক্ষমতাকেন্দ্রিক রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতায় সীমাবদ্ধ থাকে না।

আইনশৃঙ্খলা বাহিনী ও আমলাতন্ত্র এখনো শেখ হাসিনার ফ্যাসিবাদী ট্রমা থেকে বের হতে না পারায় ছাত্র-জনতার অন্তর্যাবনের লক্ষ্য পূরণে যথাযথ ভূমিকা রাখতে পারছে না। অন্যদিকে, এক সময়ের জোটসঙ্গী রাজনৈতিক দলগুলোর মধ্যকার অন্তর্কলহ কখনো কখনো রক্তাক্ত সংঘর্ষের জন্ম দিচ্ছে। খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সংঘাতের ঘটনাটি সারাদেশে অন্যান্য বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছড়িয়ে পড়ার সম্ভব আশঙ্কা দেখা দিয়েছিল। দুই প্রধান রাজনৈতিক দলের শীর্ষ নেতাদের কঠোর নির্দেশনার কারণে তা আর বাড়েনি। একাত্তরের মুক্তিযুদ্ধ নিয়ে আওয়ামী লীগের ফ্যাসিবাদী ন্যারেটিভ ও জাতিকে বিভক্ত করে ফায়দা হাসিলের রাজনীতি নতুন প্রজন্ম প্রত্যাখ্যান করেছে। নতুন বাংলাদেশ ভারতীয় আধিপত্যবাদ প্রত্যাখ্যান করেছে। সে সমবর্যাদার ভিত্তিতে ভারতের চোখে চোখ থেকে অমিমাংসিত সব ইস্যুর সমাধান করতে চায়। দায়িত্ব রাজনৈতিক দল এবং ছাত্র-জনতার সাংগঠনিক কাঠামোর মধ্যকার বিভেদ-তিক্ততার কারণেই সম্ভব হয়েছে। ডিভাইড অ্যান্ড রুল পলিসি দেশে যেভাবে ভাবে নতুন করে কুতুবদীনী শাসনবাবস্থার জন্ম দিতে পারে। সেনা প্রধান সংশ্লিষ্টদের সতর্ক করেছেন। এটা তার ইতিবাচক মনোভাবের বহিঃপ্রকাশ হলেও দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে পূর্ণ ভারিস্ত্রৌলি পাওয়ার দিয়ে সেনাবাহিনীকে মাঠে রেখে, এমনকি 'অপারেশন ডেভিলহান্ট'র মত অভিযান পরিচালনা অব্যাহত থাকার পরও জননিরাপত্তা ও আইনশৃঙ্খলার অবনতিকে সচেতন মহল স্বাভাবিকভাবে গ্রহন করতে পারছে না। একদিকে আওয়ামী লীগের পলাতক অপরাধিদের অধিকাংশই অধরা, অন্যদিকে বিএনপি'র মাঠ পর্যায়ের নেতাকর্মীদের স্বার্থদ্বন্দ্ব, চাঁদাবাজি, দখলবাজি ও আধিপত্যের লড়াই দেশের সবচেয়ে জনপ্রিয় ও জনসম্পৃক্ত দলটিকে নতুন প্রজন্মের কাছে অজনপ্রিয় করে তুলছে। এসব কেড়ে সেনাবাহিনীর ভূমিকা ও সদিচ্ছা জনমনে প্রশ্নবিদ্ধ হচ্ছে।

ছাত্র-জনতার অভ্যুত্থানের পেছনে কোনো দল, গোষ্ঠি বা ব্যক্তির একক কৃতিত্ব ছিল না। তরুণে তারা কোটা, মেধাভিত্তিক ভর্তি-নিয়োগ ও বৈষম্যের বিরুদ্ধে সুনির্দিষ্ট এজেন্ডা ভিত্তিক আন্দোলনের ডাক দিলেও অভ্যুত্থানের চূড়ান্ত মুহূর্তে তারা রাষ্ট্র মেরামতের দাবি জানিয়ে নতুন বাংলাদেশ প্রতিষ্ঠার প্রত্যয় ঘোষণা করেছেন। তারা সম্ভবত আশা করেছিল, ড. মুহাম্মদ ইউনূসের মত একজন বিশ্বজনীন ব্যক্তিত্বের নেতৃত্বে গঠিত অর্ন্তবর্তী সরকারের পাশে ফ্যাসিবাদের ভুক্তভোগী বিএনপি-জামায়াতের মত রাজনৈতিক শক্তিগুলো যথাযথ ভূমিকা নিয়ে পাশে থাকবে। আরো আগেই বিএনপি রাষ্ট্র মেরামতের ৩১দফা কর্মসূচি ঘোষণা করেছিল। এসব কর্মসূচি বাস্তবায়ন সহজসাধ্য নয়। জাতীয় নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার পরও কোনো একক রাজনৈতিক দলের পক্ষে তা সম্ভব নয়। কারণ, প্রত্যাশিত সংস্কার কর্মসূচি দলীয় কর্তৃত্ববাদের বিলুপ্তি ঘটাবে। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর দলের নেতাদের কর্তৃত্ব খর্ব করে এমন আইন পাশের পথ রুদ্ধ হবার বিরল। এ কারণেই অর্ন্তবর্তী সরকারের কাঁধে বন্ধুক রেখে জনগণের প্রত্যাশিত রাজনৈতিক-প্রশাসনিক সংস্কার এবং পতিত স্বৈরাচারের গুম-খুন ও মানবতাবিরোধী অপরাধের বিচারকে চলমান প্রক্রিয়ায় একটা গ্রহণযোগ্য মাত্রায় উপনীত করার মধ্য দিয়ে পরবর্তী নির্বাচিত সরকারের পথচলাকে উন্মুক্ত করা যেতে পারে। কিন্তু অন্তর্বর্তী সরকার গঠিত হওয়ার শুরু থেকে তারা সরকারের বক্তব্য এবং বিএনপি'র কতিপয় শীর্ষ নেতার বক্তব্যে অভিন্ন সুর ও স্বর শোনা যাচ্ছে। এখন আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে, পতিত স্বৈরাচারের লোসরদের পালিয়ে যেতে সহায়তা করা এবং কথিত ডেভিল হান্ট অভিযান সত্ত্বেও সেনাবাহিনীর সদিচ্ছা ও ভূমিকা নিয়ে প্রশ্ন তোলার সুযোগ এবং সেনাপ্রধানের সর্তকতামূলক চরম বার্তা জনমনে নতুন আশঙ্কার জন্ম দিচ্ছে। সামগ্রিক বাস্তবতা সামনে রেখে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের ব্যানারে ২৮ ফেব্রুয়ারি জাতীয়তাবাদী রাজনৈতিক দলগুলোর সাথে জাতীয় নাগরিক পার্টি(এনসিপি)র আত্মপ্রকাশ ঘটেছে। দেশের রাজনীতির মাঠে এ নতুন দল কি প্রভাব বা পরিবর্তন ঘটায় দেশের সাধারণ মানুষের মধ্যেও তা দেখার কৌতূহল দেখা যাচ্ছে। তবে প্রজাবশালী প্রতিষ্ঠা রাজীর সম্ভবনাপূর্ণ পরিস্থিতি তৈরি একদা দেশে-বিদেশে সক্রিয় রয়েছে। অন্যদিকে স্বৈরাচার চরম দিশাভ্রান্ত-নির্যাতন, গুম-খুনের ঝুঁকি নিয়েও যখন স্বৈরাচারবিরোধী রাজনৈতিক জোট ভাঙ্গা সম্ভব হয়নি, নির্দলীয় অর্ন্তবর্তী সরকারের আমলে এসে তাদের মধ্যে বিভেদ-বিসমাদ, কাঁদা ছোড়াছুড়ি, অনাস্থা ও পতিত স্বৈরাচারের ন্যায়েচিউ ব্যবহারের যে চর্চা দেখা যাচ্ছে, মনে হচ্ছে, কোনো একক দলের পক্ষে আর ক্ষমতার ভরসায় রক্ষা করা সম্ভব নয়।

> *সেনাপ্রধান ওয়াকার উজ-জামানের সাম্প্রতিক একটি বক্তব্য নিয়ে সর্বমহলে মিশ্র প্রতিক্রিয়া কিংবা অতি প্রতিক্রিয়াশীলতা দেখা গেছে। সেনাবাহিনী রাষ্ট্রের স্বাধীনতা সার্বভৌমত্বের অন্তস্থ প্রহরী হলেও সেনাপ্রধান সরকারের কোনো অংশ নয়। সাংবিধানিক আইনের আওতায় সরকার চাইলে সেনাবাহিনী কখনো কখনো বেসামরিক প্রশাসনের সহায়তায় কাজ করে থাকে। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পতনের পর শেখ হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছিল। কারণ, গত দেড় দশকে পুলিশ বাহিনীসহ দেশের আইনশৃঙ্খলা ও সশস্ত্র বাহিনীসমূহকে ভারতীয় এজেন্ডায় আওয়ামী লীগের দলীয়করণ করা হয়েছিল। রাজনৈতিকভাবে পুরো জাতি শেখ হাসিনার দুঃশাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ সংগ্রামে ঝাঁপিয়ে পড়লেও কার্যত জনবিচ্ছিন্ন আওয়ামী লীগ ও শেখ হাসিনার স্বৈরাচারি শাসন টিকিয়ে রাখতে পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী শুরু থেকে শেষ সময় পর্যন্ত জনগণের উপর গুলি চালাতে কুণ্ঠিত হয়নি। ভারতে পালিয়ে যাওয়ার মুহূর্তেও শেখ হাসিনা নাকি তাঁর ছেলে তাঁকে যাওয়ার পর পুলিশকে বিদ্রোহীর ভূমিকায় ঠেলে দিতে অনুগত পুলিশ প্রধানকে নির্দেশনা দিয়েছিলেন।*

গণতন্ত্র চাইলে রাজনৈতিক দলগুলোকে গণতন্ত্রী হতে হবে

ড. মো. আবুল কালাম আজাদ

গণতন্ত্রের মেইন স্টেকহোল্ডার হলো রাজনৈতিক দল। রাজনৈতিক দল জনগণকে ঐক্যবদ্ধ করে। সভা-সমাবেশ, দাবি-দাওয়া, বিবৃতির মধ্য দিয়ে গণতন্ত্র লালন-পালন করে এবং সমাজে সকল ধর্ম-মত-পথের নাগরিকদের অধিকার সুরক্ষিত করে। স্বৈরাচার শেখ হাসিনা মুজিব ও তাঁর কন্যা ১৯ বছর বাংলাদেশকে গণতন্ত্রহীন রেখে দেশে আইয়োন জার্ম্মেসিয়া প্রতিষ্ঠা করেছিল। স্বৈরাচার জেনারেল এরশাদ আরও ৯ বছর গণতন্ত্রকে বিকশিত হতে দেননি। শেখ পরিবার ও এরশাদের যৌথ প্রয়োজনায় এদেশে গণতন্ত্রের কবর রচিত হয়। আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক মন্ত্রী তোফায়েল আহমেদ সংসদে দাঁড়িয়ে বলেছিলেন, 'শেখ মুজিব তার ৫৫ বছর জীবনের প্রায় ১২ বছর পাকিস্তানের কারাগারে বন্দী ছিলেন বঙ্গমাত্র পূর্ব পাকিস্তানের জনগণের অধিকার আদায় ও গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য।'

গণতন্ত্র, সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার বা ইনসাফ প্রতিষ্ঠার জন্য দেশের মানুষ দীর্ঘ ৯ মাস মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছিল। অতঃপর সকল দেশপ্রেমিক মুক্তিযোদ্ধা, রাজনৈতিক দল, মানবাধিকার সংগঠন যেমন পুলাপিন্ন ও পরিচালনার জন্য একটি যুগোপযোগী সংবিধান তৈরি করবেন। কিন্তু তা না করে আওয়ামী লীগ একক ভাবে অত্যন্ত সুকৌশ